আরও চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার ...পৃঃ ৪

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৯

বর্ষ ৪৬ সংখ্যা ৪১ কলকাতা বুধবার, ৬ মে ২০২৬/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২২ বৈশাখ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# রেলে উচ্চ মাধ্যমিক ও গ্র্যাজুয়েট যোগ্যতায় চাকরি

## নতুন নিয়োগের উদ্যোগ রেল বোর্ডের

**নিজস্ব প্রতিনিধি:** গ্র্যাজুয়েট ও আন্ডার-গ্র্যাজুয়েট স্তরে রেলে নতুন নিয়োগের ইঙ্গিত দিয়েছে রেল মন্ত্রক ও রেলওয়ে বোর্ড। ভারতীয় রেলে স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, ট্রেনস ক্লার্ক, টিকিট কালেক্টর, সিনিয়র টাইমকিপার, অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইমকিপার প্রভৃতি পদে আবেদন করা যায় গ্র্যাজুয়েট ও আন্ডার-গ্র্যাজুয়েট তথা উচ্চ মাধ্যমিক যোগ্যতায়। লেভেল-'টু' ও 'থ্রি' (আন্ডার-গ্র্যাজুয়েট), লেভেল-'ফোর', 'ফাইভ' ও 'সিক্স'-এর এই পদগুলিকে একত্রে 'নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি'-র পদ হিসেবে গণ্য করা হয়।

রেল বোর্ড একটি বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি নম্বর: 2024/E(RRB)25/38) জোনাল রেল, রেলওয়ে প্রোডাকশন ইউনিট এবং রেল রিক্রুটমেন্ট বোর্ডগুলিকে এ বছর অগস্ট মাসের মধ্যে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির পদগুলিতে নিয়োগের জন্য খসড়া এমপ্লয়মেন্ট নোটিস প্রস্তুত করার পরামর্শ দিয়েছে। ইতিমধ্যে চলছে শূন্যপদ নিরূপণের কাজ। অর্থাৎ অগস্ট-সেপ্টেম্বরের মধ্যে নতুন নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাবনা।

প্রসঙ্গত, সেন্ট্রালাইজড নোটিস নম্বর: ০৬/২০২৫ অনুসারে, নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির ৮,৮৬৮টি শূন্যপদে বর্তমানে নিয়োগের প্রক্রিয়া চলছে। তার মধ্যেই রেল বোর্ডের খসড়া এমপ্লয়মেন্ট নোটিস প্রস্তুত করার জন্য সময় নির্দিষ্ট করে দেওয়া এই ইঙ্গিত দেয় যে, নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির বিভিন্ন পদে জরুরি ভিত্তিতে আরও কর্মী দরকার।

উচ্চ মাধ্যমিক পাশ ও স্নাতক তরুণ-তরুণীরা এখন থেকেই প্রস্তুতি শুরু করতে পারেন।

যাঁরা চলতি নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাঁরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে, গ্র্যাজুয়েট লেভেলের পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ বছর ও উচ্চ মাধ্যমিক যোগ্যতার পদগুলির ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করা হয় দুই পর্বের লিখিত পরীক্ষা এবং সেই সঙ্গে ক্ল্যারিক্যাল ও টাইপিস্ট পদগুলির ক্ষেত্রে টাইপিং টেস্ট এবং স্টেশন মাস্টার ও ট্র্যাফিক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে।

# আর্মিতে উচ্চ মাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় বেশ কিছু অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই 'জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-মেন, ২০২৬' পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ১০+২ এন্ট্রি স্কিমের ৫৬তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২৭-এর জানুয়ারিতে।

শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। সেইসঙ্গে 'জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-মেন, ২০২৬' পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

বয়স: সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা জলন্ধর বা প্রয়াগরাজে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। সফল প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৫৬তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের

*এরপর সাতের পাতায়*

## চণ্ডীগড়ে ১১০ সিনিয়র রেসিডেন্ট

বিভিন্ন বিভাগে ১১০ জন সিনিয়র রেসিডেন্ট নেবে চণ্ডীগড়ের পোস্টগ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। সর্বাধিক ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGI/RC/051/2026/1180.

নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানিস্থেশিয়া, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, কমিউনিটি মেডিসিন, ওয়্যাল হেল্থ সায়েন্স সেন্টার

*এরপর দুয়ের পাতায়*

# ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাপ্রেন্টিস

১,৮৬৫ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (সময়ানুসারে সংশোধনী) অনুসারে ১ বছরের অন-দ্য জব প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৫৬টি আসনের বিষয়ে জানানো হল।

আসনসংখ্যার বিন্যাস: ৫৬টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ২, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে আসন শ্রবণ, অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

১-৪-২০২২ তারিখের আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না।

বয়স: ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে সর্বাধিক ২০,০০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই ও স্থানীয় ভাষার দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। পরীক্ষা হবে মে বা জুনে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল/ ফিনান্সিয়াল

*এরপর সাতের পাতায়*

# হকিন্সে ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি:** বেশ কিছু ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে প্রেশার কুকার উৎপাদক সংস্থা হকিন্স। ফ্রেশাররা আবেদনের যোগ্য। ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগ হবে সংস্থার বিভিন্ন উৎপাদন কেন্দ্র ও মুম্বইয়ের সদর দপ্তরে, টেকনিক্যাল এবং রিসার্চ ও ডেভেলপমেন্ট বিভাগে। প্রথমে দেড় বছরের

## ফ্রেশাররা আবেদনের যোগ্য

ট্রেনিং। এ সময়ে বছরে মাইনে অন্তত ৫ লক্ষ টাকা। দক্ষতা ও পারফর্ম্যান্সের ভিত্তিতে ট্রেনিংয়ের সময়েই বেতন আরও বাড়তে পারে। অভিজ্ঞরা উচ্চ বেতনে নিয়োগ পাবেন।

আবেদন করবেন ইঞ্জিনিয়ারিংয়ের এই সব শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল, টুল ডিজাইন ও ম্যানুফ্যাকচারিং, প্রোসেস ইঞ্জিনিয়ারিং, মেকানিক (ডিজাইন), প্রোডাক্ট ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, সাপ্লাই চেন, মেটেরিয়াল সায়েন্স ও রোবটিক্স।

*এরপর সাতের পাতায়*

## রিজার্ভ ব্যাঙ্কে অফিসার

বিভিন্ন বিভাগে ৬০ জন অফিসার নিয়োগ করবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। গ্রেড 'বি' পদে নিয়োগ করা হবে জেনারেল ক্যাডার, ইকনমিক অ্যান্ড পলিসি রিসার্চ বিভাগ এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট বিভাগে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RBISB/DA/01/2026-27.

বিভাগ অনুসারে শূন্যপদ:

*এরপর দুয়ের পাতায়*

# ইউজিসি নেট পরীক্ষা ২২-৩০ জুন

## পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি

দেশ জুড়ে ইউজিসি-নেট পরীক্ষা নেওয়া হবে ২২ থেকে ৩০ জুন। পরীক্ষার আয়োজক-সংস্থা ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। এই পরীক্ষায় উত্তীর্ণ হলে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের অধীনস্থ বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানে (ক) জুনিয়র রিসার্চ ফেলোশিপ এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের জন্য, অথবা (খ) অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগ এবং পিএইচ ডি-তে ভর্তির জন্য, অথবা (গ) কেবল পিএইচ ডি-তে ভর্তির জন্য বিবেচিত হবেন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ওবিসি,

*এরপর পাঁচের পাতায়*

## রেল বিভাগে সাইট ইঞ্জিনিয়ার

সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায় ৪০ জন সাইট ইঞ্জিনিয়ার নেবে রেল ল্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। সংস্থার প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 13/26/S.E. Contract.

শাখা অনুসারে শূন্যপদ: সিভিল: ৩০টি। ইলেক্ট্রিক্যাল: ১০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত

*এরপর পাঁচের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## স্বনির্ভরতার সন্ধান

# উপার্জনের পথ খুলে দিচ্ছে পরিবেশবান্ধব ব্যাগ



**পরিবেশের পক্ষে ক্ষতিকর প্লাস্টিক ব্যাগের পরিবর্তে পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহারের চল হয়েছে পৃথিবী জুড়েই। প্লাস্টিকের বিকল্প হিসেবে উঠে আসছে নন-উভেন কাপড়, কাগজ এবং পাট। প্রশিক্ষণ নিয়ে ও মেশিন কিনে বিকল্প উপাদানের ব্যাগের ব্যবসা এখন বেশ লাভজনক।**

**নিজস্ব প্রতিনিধি:** প্লাস্টিকের সামগ্রী পৃথিবী জুড়ে সুস্থ, সুন্দর পরিবেশের অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। তাই প্লাস্টিক ব্যাগের বিকল্প তৈরির কাজ চলেছে পৃথিবী জুড়ে। আশার কথা, সেই সব ব্যাগের ব্যবহারও বাড়ছে। কাগজ, নন-উভেন কাপড়, ভুট্টার দানা ও পটাটো স্টার্চ থেকে তৈরি পরিবেশ-বান্ধব ব্যাগ প্লাস্টিক ব্যাগের বিকল্প হিসেবে ব্যবহার করা হচ্ছে। যদিও উৎপাদনের নিরিখে এগুলি এখনও প্লাস্টিক ব্যাগকে টেক্কা দিতে পারেনি, তাই প্লাস্টিকের ব্যাগ একেবারে নির্মূল করা যাচ্ছে না। তবে, এই সময় কিছুটা পুঁজি নিয়ে শুরু করা যায় কাগজের ব্যাগ, নন-উভেন কাপড়ের ব্যাগ বা কর্ন-পটাটো স্টার্চের ব্যাগ। এই মুহূর্তে এগুলির চাহিদা যথেষ্ট।

### নন-উভেন ব্যাগ

মেশিনে নন-উভেন কাপড়ের রোল লাগিয়ে দেওয়ার পর কাপড় কাটা থেকে সেলাই, পুরো কাজ সম্পূর্ণ হয়ে ব্যাগ তৈরি হয়ে যায়। ছোট ব্যাগ এক মিনিটে ৫০টা থেকে ৬০টা তৈরি হয়। মেশিন স্বয়ংক্রিয় হলেও যখন সেটা চলবে, তখন কিন্তু এক জনকে দাঁড়িয়ে নজর রাখতে হবে। কারণ অনেক সময় রোলের মধ্যে কাটা কাপড় থাকে, সেটা নজর না করলে মেশিনে কাপড় জড়িয়ে উৎপাদন বন্ধ হয়ে যাবে। অটোমেটিক নন-উভেন কাপড়ের ব্যাগ তৈরির মেশিনের দাম

*এরপর দুয়ের পাতায়*

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Reqd. Exec. or Retired Person for** Exp. Imp., Mfrs., Property Related Work Mail Resume: kgdind@gmail.com/ 91477-34435. 5 to 9 PM

□

কল্যাণী ও কলকাতা অফিসে House wife/ Business Woman/ social & Professional Networking-দের যোগ্যতানুযায়ী মাসিক আয়.বয়স 35 & Above 62918-16038.

□

**A Fabrication unit in Kolkata** urgently requires one 2 to 3 years experienced person (Mechanical) computer conversant to supervise production and allied outdoor works. Send resume to: seeker.qfi@gmail.com

□

**Project BOOKS.COM@ Part** Time স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 94335-61720, 62911-59330

□

**Wanted Stock Trader with 3 yrs** exp in any brokerage firm & algo trading, work from home, Salary 22K + profit Apply : shssinvest@gmail.com

□

## কর্মখালি

**Reqd. Dynamic Sales Executives** for a leading Agro Machinary Firm Min 3+ yrs. Exp.in field Sales. (Fresher may apply) Location West Bengal. (Preferable Burdwan, Midnapur, Nadia) Candidate must have Excellent Communication Skills and valid Two-Wheeler License. Age: 25-45 yrs. Salary : Negotiable + Incentives Apply Email: goutam.cha@rediffmail.com

□

বারুইপুর এবং দঃ২৪পরগণায় **Two** Wheeler Dealership-এ ব্যাক অফিস, CRE, Sales, Service Advisor, অ্যাকাউনটেন্ট চাই hr.24pgs@gmail.com 90511-21202

□

**Requires Field Officer for** Kolkata & Delhi zone for a reputed Security & Manpower Agency. Contact: 81007-32080/ ceo@isogroup.co.in

□

হাওড়া উলুবেড়িয়াতে নামী কারখানায় 200 জন অদক্ষ শ্রমিক/ হেল্পার প্রয়োজন। বেতন: 14500-15000, Call Urgent- M: 98756-23704.

□

**Retd-Rail/Sail/Banker/গভঃ/Pvt/** VRS/ব্যবসায়ী/গৃহবধূ চাই ভারতের বৃহত্তম Coর Kol পার্ট/ফুল টাইম কাজ 25-70yr আয় 4-6 Lac/ pa + PF + ESI 93316-49800.

□

## কর্মখালি

**Job Opportunity for Retd/VRS/** housewife & freshers above 25 yrs in reputed Co. Full/Part time job Salary, allowance + Inc. 72784-75626.

□

**Wanted AutoCad 3d Max** Designer & Site Supervisor in Interior Decoration Firm. Mob: 98312-79457.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

২০ মে-র কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৬ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন (B.com), Tally জানা বয়স ৩০-৩৫-এর মধ্যে হাওড়া সলপ নিকটবর্তী এলাকার বাসিন্দা Accountant চাই। 93304-37520

□

টালিগঞ্জ, কামালগাছী, পার্ক সার্কাস ও নিউটাউনে গার্ড, লেডি গার্ড ও সুপারভাইজার দরকার। যোগ্যতা: Graduate (2021-এর পর পাস করা) বয়স: 22 থেকে 27-এর মধ্যে। বেতন: 12,000/- + 4 ছুটি। M: 70039-99043.

**DISCLAIMER SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# রিজার্ভ ব্যাঙ্কে অফিসার

*প্রথম পাতার পর*

**জেনারেল ক্যাডার:** ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। অথবা, মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর)-সহ যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি।

**ইকনমিক অ্যান্ড পলিসি রিসার্চ:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইকনমিক্স বা ফিনান্সে স্নাতকোত্তর ডিগ্রি। এই সব বিষয়ে স্পেশ্যালাইজেশন থাকলেও আবেদন করা— কোয়ান্টিটেটিভ ইকনমিক্স/ফিনান্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স/ফিনান্স, কোয়ান্টিটেটিভ টেকনিকস, অ্যাপ্লায়েড ইকনমিক্স, ইকনোমেট্রিক্স, ফিনান্সিয়াল ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, এগ্রিকালচারাল ইকনমিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক্স, ডেভেলপমেন্ট ইকনমিক্স, ইন্টারন্যাশনাল ইকনমিক্স/ফিনান্স, বিজনেস ফিনান্স, ব্যাঙ্কিং অ্যান্ড ট্রেড ফিনান্স, ইন্টারন্যাশনাল অ্যান্ড ট্রেড ফিনান্স, কর্পোরেট ফিনান্স, প্রোজেক্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স, এগ্রি বিজনেস ফিনান্স। ইকনমিক্সে ডক্টরেট ডিগ্রি থাকলে বা ইকনমিক্স-সংক্রান্ত বিষয়ে গবেষণা বা অধ্যাপনার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্স (কেবল স্নাতকোত্তরের ক্ষেত্রে) বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স বা কোয়ান্টিটেটিভ ইকনমিক্স বা ইকনোমেট্রিক্স বা ইনফমেটিক্স বা ডেটা সায়েন্স বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা মেশিন লার্নিং বা বিগ ডেটা অ্যানালিটিক্স। উপরোক্ত বিষয়ে ডক্টরেট ডিগ্রি থাকলে বা গবেষণা বা অধ্যাপনার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৪-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭৮,৪৫০-১,৪১,৬০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষা জেনারেল ক্যাটেগরির ক্ষেত্রে ১৩ জুন এবং বাকি দুই ক্যাটেগরির ক্ষেত্রে ১৪ জুন। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা জেনারেল ক্যাটেগরির ক্ষেত্রে ২৫ জুলাই এবং বাকি দুই ক্যাটেগরির ক্ষেত্রে ২৬ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি (প্রথম পর্যায়) হল: কলকাতা, বৃহত্তর কলকাতা, আসানসোল, কল্যাণী, শিলিগুড়ি, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষাকেন্দ্র: কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbi.org.in অনলাইন দরখাস্ত করা যাবে ২০ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। জিএসটি অতিরিক্ত। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

পরীক্ষার ধরনধারণ-সহ অন্যান্য বিষয়ে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চণ্ডীগড়ে ১১০ সিনিয়র রেসিডেন্ট

*প্রথম পাতার পর*

(প্রস্থোডন্টিক্স ক্রাউন অ্যান্ড ব্রিজ ডেন্টিস্ট্রি, ওর‍্যাল সার্জারি, অর্থোডন্টিক্স), ফরেন্সিক মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, ইন্টার্নাল মেডিসিন, মেডিক্যাল মাইক্রোবায়োলজি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, অটোল্যারিঙ্গোলজি (ইএনটি), প্যাথোলজি, পেডিয়াট্রিক্স, ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন মেডিসিন, সাইকিয়াট্রি, সাইকিয়াট্রি (ডিডিটিসি), রেডিও-ডায়াগনসিস, রেডিওথেরাপি, রেনাল ট্রান্সপ্লান্ট সার্জারি, ট্রান্সফিউশন মেডিসিন, নেফ্রোলজি, ফার্মাকোলজি, হিস্টোপ্যাথোলজি (নিউরো), ইমিউনোপ্যাথোলজি (নিউরো)।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড SR/023: সাধারণ ৩১, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১৬, ওবিসি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ৮। এর মধ্যে ১৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় এমডি বা এমএস। সেন্ট্রাল বা স্টেট মেডিক্যাল কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১১-৫-২০২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** ৬৭,৭০০ টাকা। সঙ্গে নন-প্র্যাক্টিসিং অ্যালাওয়েন্স।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৭৫ নম্বরের। সময় ৫০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ২২ মে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।


অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১১ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উপার্জনের পথ খুলে দিচ্ছে পরিবেশবান্ধব ব্যাগ

*প্রথম পাতার পর*



পড়বে প্রায় ১০ লক্ষ টাকা। মেশিনের ১ বছরের ওয়ারেন্টি থাকে।

## কাগজের ব্যাগ

প্লাস্টিকের ব্যাগের বিকল্প হিসেবে কাগজের ব্যাগের চাহিদাও ক্রমশ উর্ধ্বমুখী। কাগজের ব্যাগ তৈরি হয় ব্রাউন পেপার দিয়ে। পাতলা, মোটা বিভিন্ন ধরনের ব্রাউন পেপার আছে। কাগজের ব্যাগ কোন কাজে ব্যবহৃত হবে তার উপর নির্ভর করে কোন কোয়ালিটির ব্রাউন পেপার লাগবে। রোল, প্যাটিস ইত্যাদি খাবার দেওয়ার জন্য সাধারণত পাতলা ব্রাউন পেপার ব্যবহার করা হয়। আবার পোশাকের দোকান বা প্রসারির জিনিস দেওয়ার জন্য একটু শক্তপোক্ত ব্যাগ প্রয়োজন। কাগজ বিভিন্ন রকম হতে পারে, কিন্তু তার জন্য বিভিন্ন ধরনের মেশিনের প্রয়োজন নেই। একই মেশিনে শুধুমাত্র কাগজের রোল লাগিয়ে দিলে পেপার কাটিং ও পেস্টিং হয়ে সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়। ১ জন কর্মীই পুরো কাজটা পরিচালনা করতে পারেন। কাগজের ব্যাগ তৈরির এই মেশিনের দাম ৫ লক্ষ টাকা।

## কর্ন-পটাটো স্টার্চ থেকে তৈরি ক্যারিব্যাগ




কর্ন ও পটাটো স্টার্চের দানা থেকে মেশিনের মাধ্যমে প্রথমে তৈরি হয় রোল। সেই রোল থেকে তৈরি হয় এই ধরনের ব্যাগ। এই পদার্থটি একশো শতাংশ দ্রবণীয়। এই ব্যাগ প্রস্তুত করার জন্য দু' ধরনের মেশিন আছে। সেমি অটোমেটিক মেশিন ও ফুল অটোমেটিক মেশিন। সেমি অটোমেটিক মেশিনে কর্ন ও পটাটো স্টার্চের দানার রেডিমেড রোল দিতে হবে। তারপর সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়ে বেরিয়ে আসবে। প্রতিদিন ১০ ঘণ্টা মেশিন চললে সাড়ে তিনশো থেকে চারশো কেজি ব্যাগ তৈরি করা সম্ভব। মেশিনের দাম ৭ লক্ষ টাকার মধ্যে। ফুল অটোমেটিক মেশিনের ক্ষেত্রে একটি মেশিনে কর্ন ও পটাটো স্টার্চ থেকে রোল তৈরি হয়ে সেই রোল থেকে ব্যাগ তৈরি হবে। এতে জায়গা বেশি লাগবে, প্রায় হাজার স্কোয়্যার ফুট মতো। তবে এক্ষেত্রে শুধু ব্যাগ নয়, রোলও বিক্রি করতে পারবেন। ফুল অটোমেটিক মেশিনের দাম প্রায় ২০ লক্ষ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

## পাটের ব্যাগ



পাটের ব্যাগ যেমন পরিবেশবান্ধব, তেমনই টেকসই। পাট দিয়ে হস্তশিল্পীরাও শৌখিন ও হালফ্যাশনের ব্যাগ তৈরি করছেন। অফিস থেকে অনুষ্ঠানবাড়ি, যে-কোনও জায়গায় নিয়ে যাওয়া যায় সেই পাটের ব্যাগ।

পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেওয়া হয় কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজিতে। প্রশিক্ষিতরা ক্লাস শেষে প্রত্যেকেই সার্টিফিকেট পেয়ে থাকেন। সেই সার্টিফিকেট দেখিয়ে কেন্দ্রীয় বস্ত্রবয়ন মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের (পূর্বাঞ্চল) অফিস থেকে আর্টিজান বা হস্তশিল্পী হিসেবে স্বীকৃতি কার্ড পাওয়া যায়। এই কার্ড দেখিয়ে আর্টিজান হিসেবে নাম নথিভুক্ত করা যায় জেলা শিল্পকেন্দ্রগুলিতে। এই কার্ড থাকলে ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সুবিধে হয়। বছরের বিভিন্ন সময় এই সংস্থা প্রশিক্ষণ দিয়ে থাকে।

**যোগাযোগ:** ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২, রিজেন্ট পার্ক, কলকাতা-৭০০ ০৪০। ফোন: (০৩৩) ২৪২১-২১১৫/১৬/১৭, এক্সটেনশন: ২৭৬/২৫০।

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## ব্রিটিশ ভারতে গভর্নর, গভর্নর জেনারেল এবং ভাইসরয়দের কার্যকাল ও ঘটনাপঞ্জি

*গত সংখ্যার পর*

### ভারতের ভাইসরয় (১৮৫৮-১৯৪৭)

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| লর্ড ল্যান্সডাউন | ১৮৮৮-১৮৯৪ | ▸দ্বিতীয় ফ্যাক্টরি আইন (১৮৮১) চালু। ▸ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট (১৮৯২) পাশ। ▸ডুরান্ড কমিশন গঠন (১৮৯৩)। ১২ বছরের নীচে মেয়েদের বিবাহ নিষিদ্ধ। |
| লর্ড দ্বিতীয় এলগিন | ১৮৯৪-১৮৯৯ | ▸ভারতে জুড়ে দুর্ভিক্ষ (১৮৯৬-৯৭)। ▸স্বামী বিবেকানন্দ কর্তৃক রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা (১৮৯৭)। |
|  লর্ড কার্জন | ১৮৯৯-১৯০৫ | ▸পুলিশ কমিশন গঠন (১৯০২)। ▸বীরসা মুন্ডার নেতৃত্বে মুন্ডা বিদ্রোহ (১৮৯৯-১৯০০)। ▸উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ সৃষ্টি (১৯০০)। ▸র‍্যালে ইউনিভার্সিটি কমিশন গঠন (১৯০২) এবং তার সুপারিশ অনুযায়ী ইন্ডিয়ান ইউনিভার্সিটি অ্যাক্ট পাশ (১৯০৪)। ▸বঙ্গভঙ্গ কার্যকরী হয় (১৯০৫)। ▸অ্যানি বেসান্ত কর্তৃক বেনারস হিন্দু গার্লস স্কুল প্রতিষ্ঠা (১৯০৪)। ▸স্বদেশী ও বয়কট আন্দোলন শুরু (১৯০৫)। |
|  লর্ড মিন্টো (দ্বিতীয়) | ১৯০৫-১৯১০ | ▸ঢাকায় মুসলিম লিগের প্রতিষ্ঠা (১৯০৬)। ▸যুগান্তর সমিতির প্রতিষ্ঠা (১৯০৬)। ▸ভিক্টোরিয়া মেমোরিয়ালের ভিত্তি প্রস্তর স্থাপন (১৯০৬)। ▸সুরাট কংগ্রেস অধিবেশনে কংগ্রেসের বিভাজন (১৯০৭)। ▸জামশেদজী টাটা কর্তৃক টাটা স্টিল লিমিটেড প্রতিষ্ঠা (১৯০৭)। ▸নিউজপেপার অ্যাক্ট (১৯০৮) চালু। ▸মর্লে-মিন্টো শাসন সংস্কার (১৯০৯)। |
| লর্ড হার্ডিঞ্জ | ১৯১০-১৯১৬ | ▸বঙ্গভঙ্গ রদ (১৯১১)। ▸প্রথম বিশ্বযুদ্ধ শুরু (১৯১৪)। ▸কোমাগাতামারুর ঘটনা (১৯১৪)। ▸ভারত ও চিনের মধ্যে ম্যাকমোহন লাইন তৈরি হয়েছিল। |

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| | | ▸দক্ষিণ আফ্রিকা থেকে গান্ধীজির ভারতে প্রত্যাবর্তন (১৯১৫)। ▸গদর বিপ্লব (১৯১৫)। ▸বেনারস হিন্দু ইউনিভার্সিটি'র প্রতিষ্ঠা (১৯১৬)। |
|  লর্ড চেমসফোর্ড | ১৯১৬-১৯২১ | ▸লখনউ চুক্তি (১৯১৬)। ▸চম্পারণ সত্যাগ্রহ (১৯১৭)। ▸গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট (১৯১৯) পাশ। ▸রাওলাট আইন (১৯১৯) পাশ। ▸জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ড (১৯১৯)। ▸আলিগড় মুসলিম ইউনিভার্সিটি প্রতিষ্ঠা (১৯২০)। ▸খিলাফৎ আন্দোলন (১৯১৯-১৯২০) এবং অহিংস অসহযোগ (১৯২০-২২)। |
|  লর্ড রিডিং | ১৯২১-১৯২৬ | ▸মোপলা বিদ্রোহ (১৯২১)। ▸রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয় স্থাপন (১৯২১)। ▸চৌরিচোরার ঘটনা (১৯২২) এবং অসহযোগ আন্দোলন প্রত্যাহার। ▸স্বরাজ পার্টি গঠন (১৯২৩)। ▸কাকোরি ট্রেন দুর্ঘটনা (১৯২৫) ▸রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের প্রতিষ্ঠা (১৯২৫)। ▸কানপুরে কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠা (১৯২৫)। |
|  লর্ড আরউইন | ১৯২৬-১৯৩১ | ▸ব্রিটিশ সরকার কর্তৃক ভারতে সাইমন কমিশন প্রেরণ (১৯২৭)। ▸নেহরু রিপোর্ট (১৯২৮)। ▸দীপাবলী ঘোষণা (১৯২৯)। ▸লাহোর কংগ্রেস অধিবেশন (১৯২৯)। ▸মীরাট ষড়যন্ত্র মামলা (১৯২৯)। ▸ডান্ডি অভিযান ও আইন অমান্য আন্দোলন (১৯৩০)। ▸চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (১৯৩০)। ▸প্রথম গোলটেবিল বৈঠক (১৯৩০) ▸গান্ধী-আরউইন চুক্তি (১৯৩১)। ▸ভগৎ সিং, রাজগুরু এবং শুকদেবের ফাঁসি (১৯৩১)। |

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
|  লর্ড ওয়েলিংটন | ১৯৩১-১৯৩৬ | ▸দ্বিতীয় গোলটেবিল বৈঠক (১৯৩১) ▸পুনার চুক্তি (১৯৩২)। ▸তৃতীয় গোল টেবিল বৈঠক (১৯৩২) ▸পাকিস্তান ঘোষণাপত্র (১৯৩৩)। ▸ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রতিষ্ঠা (১৯৩৫)। ▸গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট (১৯৩৫) পাশ। |
|  লর্ড লিনলিথগো | ১৯৩৬-১৯৪৩ | ▸ভারতে প্রদেশিক নির্বাচন (১৯৩৭) ▸দ্বিতীয় বিশ্বযুদ্ধে ভারতের জড়িয়ে পড়া (১৯৩৯)। ▸অল ইন্ডিয়া ফরোয়ার্ড ব্লক গঠন (১৯৩৯)। ▸লাহোর প্রস্তাব (১৯৪০)। ▸আগস্ট অফার (১৯৪০)। ▸ক্রিপস মিশন (১৯৪২)। ▸ভারত ছাড়ো আন্দোলন (১৯৪২)। ▸ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি গঠন (১৯৪২)। |
|  লর্ড ওয়াভেল | ১৯৪৩-১৯৪৭ | ▸চক্রবর্তী গোপালাচারীর সি আর ফর্মুলা (১৯৪৪)। ▸সিমলা বৈঠক (১৯৪৫)। ▸দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ (১৯৪৫)। ▸ক্যাবিনেট মিশন (১৯৪৬)। ▸গণপরিষদ গঠন (১৯৪৬)। ▸ক্লিমেন্ট অ্যাটলি কর্তৃক ভারতে ব্রিটিশ শাসনের অবসানের ঘোষণা (২০ ফেব্রুয়ারি, ১৯৪৭) |
| লর্ড মাউন্ট ব্যাটেন | ২১ ফেব্রুয়ারি-১৫ আগস্ট, ১৯৪৭ | ▸ভারতীয় স্বাধীনতা আইন-১৯৪৭। ▸মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণা অনুযায়ী ১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারতের স্বাধীনতা লাভ। ▸ভারতের শেষ ভাইসরয়। |

### স্বাধীন ভারতের গভর্নর জেনারেল (১৯৪৭-১৯৫০)

| | | |
|---|---|---|
| লর্ড মাউন্ট ব্যাটেন | ১৯৪৭-১৯৪৮ | ▸স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল। |
| চক্রবর্তী রাজা গোপালাচারি | ১৯৪৮-১৯৫০ | ▸স্বাধীন ভারতের শেষ গভর্নর জেনারেল। ▸স্বাধীন ভারতে এই পদটি সম্পূর্ণরূপে বিলোপ করা হয়েছে (১৯৫০)। |

## ভারতের সংবিধান কার্যকরী হওয়ার আগে পর্যন্ত জাতীয় কংগ্রেসের অধিবেশন

| অধিবেশন | বছর | স্থান | সভাপতি |
|---|---|---|---|
| প্রথম | ১৮৮৫ | বোম্বাই | উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| দ্বিতীয় | ১৮৮৬ | কলকাতা | দাদাভাই নওরোজি |
| তৃতীয় | ১৮৮৭ | মাদ্রাজ | সৈয়দ বদরুদ্দিন তৈয়াবজি |
| চতুর্থ | ১৮৮৮ | এলাহাবাদ | জর্জ ইউল |
| পঞ্চম | ১৮৮৯ | বোম্বাই | স্যার উইলিয়াম ওয়েডারবার্ন |
| ষষ্ঠ | ১৮৯০ | কলকাতা | ফিরোজশাহ মেহতা |
| সপ্তম | ১৮৯১ | নাগপুর | পি. আনন্দ চারলু |
| অষ্টম | ১৮৯২ | এলাহাবাদ | উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় |
| নবম | ১৮৯৩ | লাহোর | দাদাভাই নওরোজি |
| দশম | ১৮৯৪ | মাদ্রাজ | আলফ্রেড ওয়েব |
| ১১তম | ১৮৯৫ | পুনে | সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় |
| ১২তম | ১৮৯৬ | কলকাতা | রহমতুল্লাহ এম. সায়ানি |
| ১৩তম | ১৮৯৭ | অমরাবতী | সি. শঙ্করন নায়ার |
| ১৪তম | ১৮৯৮ | মাদ্রাজ | আনন্দমোহন বসু |
| ১৫তম | ১৮৯৯ | লখনউ | রমেশচন্দ্র দত্ত |
| ১৬তম | ১৯০০ | লাহোর | এন.জি. চন্দাভারকর |
| ১৭তম | ১৯০১ | কলকাতা | দীনেশ এডুলজি ওয়াচা |
| ১৮তম | ১৯০২ | আহমেদাবাদ | সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় |
| ১৯তম | ১৯০৩ | মাদ্রাজ | লালমোহন ঘোষ |
| ২০তম | ১৯০৪ | বোম্বাই | স্যার হেনরি কটন |

| অধিবেশন | বছর | স্থান | সভাপতি |
|---|---|---|---|
| ২১তম | ১৯০৫ | বেনারস | গোপালকৃষ্ণ গোখলে |
| ২২তম | ১৯০৬ | কলকাতা | দাদাভাই নওরোজি |
| ২৩তম(বাতিল) | ১৯০৭ | সুরাট | রাসবিহারী ঘোষ |
| ২৩তম | ১৯০৮ | মাদ্রাজ | রাসবিহারী ঘোষ |
| ২৪তম | ১৯০৯ | লাহোর | মদন মোহন মালব্য |
| ২৫তম | ১৯১০ | এলাহাবাদ | স্যার উইলিয়াম ওয়েডারবার্ন |
| ২৬তম | ১৯১১ | কলকাতা | বিশান নারায়ণ দার |
| ২৭তম | ১৯১২ | বাঁকিপুর | রঘুনাথ নরসিংহ মুধোলকর |
| ২৮তম | ১৯১৩ | করাচি | নবাব সৈয়দ মোহাম্মদ বাহাদুর |
| ২৯তম | ১৯১৪ | মাদ্রাজ | ভূপেন্দ্রনাথ বসু |
| ৩০তম | ১৯১৫ | বোম্বাই | সত্যেন্দ্র প্রসন্ন সিনহা |
| ৩১তম | ১৯১৬ | লখনউ | অম্বিকা চরণ মজুমদার |
| ৩২তম | ১৯১৭ | কলকাতা | অ্যানি বেসান্ত |
| ৩৩তম | ১৯১৮ | দিল্লি | মদন মোহন মালব্য |
| বিশেষ অধিবেশন | ১৯১৮ | বোম্বাই | সৈয়দ হাসান ইমাম |
| ৩৪তম | ১৯১৯ | অমৃতসর | মতিলাল নেহরু |
| বিশেষ অধিবেশন | ১৯২০ | কলকাতা | লালা লাজপৎ রায় |
| ৩৫তম | ১৯২০ | নাগপুর | সি. বিজয়রাঘবাচারিয়ার |
| ৩৬তম | ১৯২১ | আহমেদাবাদ | হাকিম আজমল খান |

| অধিবেশন | বছর | স্থান | সভাপতি |
|---|---|---|---|
| ৩৭তম | ১৯২২ | গয়া | দেশবন্ধু চিত্তরঞ্জন দাস |
| বিশেষ অধিবেশন | ১৯২৩ | দিল্লি | মৌলানা আবুল কালাম আজাদ |
| ৩৯তম | ১৯২৪ | বেলগাঁও | মহাত্মা গান্ধী |
| ৪০তম | ১৯২৫ | কানপুর | সরোজিনী নাইডু |
| ৪১তম | ১৯২৬ | গুয়াহাটি | এস. শ্রীনিবাস আয়েঙ্গার |
| ৪২তম | ১৯২৭ | মাদ্রাজ | এম.এ. আনসারি |
| ৪৩তম | ১৯২৮ | কলকাতা | মতিলাল নেহরু |
| ৪৪তম | ১৯২৯ | লাহোর | জওহরলাল নেহরু |
| ৪৫তম | ১৯৩১ | করাচি | বল্লভভাই জে. প্যাটেল |
| ৪৬তম | ১৯৩২ | দিল্লি | মদন মোহন মালব্য |
| ৪৭তম | ১৯৩৩ | কলকাতা | নেলি সেনগুপ্ত |
| ৪৮তম | ১৯৩৪ | বোম্বাই | ড. রাজেন্দ্র প্রসাদ |
| ৪৯তম | ১৯৩৬ | লখনউ | পন্ডিত জওহরলাল নেহরু |
| ৫০তম | ১৯৩৭ | ফৈজপুর | পন্ডিত জওহরলাল নেহরু |
| ৫১তম | ১৯৩৮ | হরিপুরা | সুভাষচন্দ্র বসু |
| ৫২তম | ১৯৩৯ | ত্রিপুরি | সুভাষচন্দ্র বসু |
| ৫৩তম | ১৯৪০ | রামগড় | মৌলানা আবুল কালাম আজাদ |
| ৫৪তম | ১৯৪৬ | মীরাট | জে.বি. কৃপালনি |
| ৫৫তম | ১৯৪৮ | জয়পুর | পট্টভি সীতারামাইয়া |
| ৫৬তম | ১৯৪৯ | দেরাদুন | পট্টভি সীতারামাইয়া |
| ৫৭তম | ১৯৫০ | নাসিক | পুরুষোত্তম দাস ট্যান্ডন |

# ইউজিসি নেট পরীক্ষা ২২-৩০ জুন

*প্রথম পাতার পর*

দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স (ল্যাঙ্গুয়েজ-সহ), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, ইলেক্ট্রনিক সায়েন্স প্রভৃতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। যাঁরা ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**কী-কী বিষয় (ব্র্যাকেটে কোড নম্বর):** ইকনমিক্স/রুরাল ইকনমিক্স/ কো-অপারেশন/ ডেমোগ্রাফি/ ডেভেলপমেন্ট প্ল্যানিং/ ডেভেলপমেন্ট স্টাডিজ/ ইকনমেট্রিক্স/ অ্যাপ্লায়েড ইকনমিক্স/ ডেভেলপমেন্ট ইকনমিক্স/ বিজনেস ইকনমিক্স (০১), পলিটিক্যাল সায়েন্স (০২), ফিলজফি (০৩), সাইকোলজি (০৪), সোশিওলজি (০৫), হিস্ট্রি (০৬), অ্যানথ্রপলজি (০৭), কমার্স (০৮), এডুকেশন (০৯), সোশ্যাল ওয়ার্ক (১০), ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (১১), হোম সায়েন্স (১২), পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (১৪), পপুলেশন স্টাডিজ (১৫), মিউজিক (১৬), ম্যানেজমেন্ট (১৭), মৈথিলি (১৮), বাংলা (১৯), হিন্দি (২০), সংস্কৃত (২৫), উর্দু (২৮), আরবি (২৯), ইংলিশ (৩০), লিঙ্গুইস্টিক্স (৩১), চাইনিজ (৩২), ডোগড়ি (৩৩), নেপালি (৩৪), ফ্রেঞ্চ (৩৯), স্প্যানিশ (৪০), রাশিয়ান (৪১), পার্সিয়ান (৪২), জার্মান (৪৪), জাপানিজ (৪৫), অ্যাডাল্ট এডুকেশন/ কন্টিনিউয়িং এডুকেশন/ অ্যান্ড্রগজি/ নন-ফর্মাল এডুকেশন (৪৬), ফিজিক্যাল এডুকেশন (৪৭), আরব কালচার অ্যান্ড ইসলামিক স্টাডিজ (৪৯), ইন্ডিয়ান কালচার (৫০), লেবার ওয়েলফেয়ার/পার্সোনেল ম্যানেজমেন্ট/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস/ লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (৫৫), ল (৫৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (৫৯), বুদ্ধিস্ট, জৈন, গান্ধিয়ান অ্যান্ড পিস স্টাডিজ (৬০), কম্পারেটিভ স্টাডি অব রিলিজিয়নস (৬২), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (৬৩), পারফর্মিং আর্ট-ডান্স/ড্রামা/থিয়েটার (৬৫), মিউজিওলজি অ্যান্ড কনজার্ভেশন (৬৬), আর্কিওলজি (৬৭), ক্রিমিনোলজি (৬৮), ট্রাইবাল অ্যান্ড রিজিওনাল ল্যাঙ্গুয়েজ/লিটারেচার (৭০), ফোক লিটারেচার (৭১), কম্পারেটিভ লিটারেচার (৭২), সংস্কৃত ট্র্যাডিশনাল সাবজেক্ট (জ্যোতিষ, সিদ্ধান্ত জ্যোতিষ, ন্যায় ব্যাকরণ, ব্যাকরণ, মীমাংসা, নব্য ন্যায়, সাংখ্য যোগ, তুলনাত্মক দর্শন, শুক্ল যজুর্বেদ, মধ্যবেদান্ত, ধর্ম শাস্ত্র, সাহিত্য, পুরাণ ইতিহাস, অগম, অদ্বৈত বেদান্ত-সহ) (৭৩), উইমেন স্টাডিজ (৭৪), ভিশুয়াল আর্ট (ড্রইং অ্যান্ড পেন্টিং/ স্কাল্পচার/ গ্রাফিক্স/ অ্যাপ্লায়েড আর্ট/ হিস্ট্রি অব আর্ট-সহ) (৭৯), জিওগ্রাফি (৮০), সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেল্থ (৮১), ফরেন্সিক সায়েন্স (৮২), পালি (৮৩), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস (৮৭), ইলেক্ট্রনিক সায়েন্স (৮৮), এনভায়রনমেন্টাল সায়েন্সেস (৮৯), পলিটিক্স-সহ ইন্টারন্যাশনাল রিলেশনস/ ডিফেন্স-সহ ইন্টারন্যাশনাল স্টাডিজ/স্ট্র্যাটেজিক স্টাডিজ, ওয়েস্ট এশিয়ান স্টাডিজ, সাউথ-ইস্ট এশিয়ান স্টাডিজ, আফ্রিকান স্টাডিজ, সাউথ এশিয়ান স্টাডিজ, সোভিয়েত স্টাডিজ, আমেরিকান স্টাডিজ (৯০), প্রাকৃত (৯১), হিউম্যান রাইটস অ্যান্ড ডিউটিজ (৯২), ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (৯৩), বোড়ো (৯৪), সাঁওতালি (৯৫), যোগ (১০০), ডিজাস্টার ম্যানেজমেন্ট (১০৪) এবং আয়ুর্বেদ বায়োলজি (১০৫)। উইমেন স্টাডিজ বিষয়ের জন্য পরীক্ষায় বসতে পারেন হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ) এবং সোশ্যাল সায়েন্সেস বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা। পপুলেশন স্টাডিজ বিষয়ে পরীক্ষা দিতে পারবেন ভূগোল (পপুলেশন স্টাডিজে স্পেশ্যালাইজেশন-সহ) অথবা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্সে মাস্টার ডিগ্রিধারীরা। উইমেন স্টাডিজ বিষয়ে পরীক্ষা দিতে পারবেন হিউম্যানিটিজ (ল্যাঙ্গুয়েজ-সহ) এবং সোশ্যাল সায়েন্সে মাস্টার ডিগ্রিধারীরাও।

পিএইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

১৯৮৯-এর আগে ইউজিসি/সিএসআইআর/জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষায় উত্তীর্ণ অথবা ২০০২-এর ১ জুনের আগে সেট পরীক্ষায় উত্তীর্ণদের নেট পরীক্ষায় বসার কোনও দরকার নেই। তাঁরা সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন।

**বয়স:** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-৬-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, ওবিসি এবং ট্রান্সজেন্ডার ক্যাটেগরিভুক্তরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন গবেষকরাও সর্বাধিক ৫ বছরের বয়সের ছাড় পাবেন। এলএলএম ডিগ্রিধারীরা ৩ বছরের ছাড় পাবেন। সশস্ত্র বাহিনীতে কাজের অভিজ্ঞতাসম্পন্নরাও সর্বাধিক ৫ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে নিয়োগ বা সরাসরি পিএইচ ডিতে ভর্তির ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

পরীক্ষা ২২ থেকে ৩০ জুন পর্যন্ত।

**পরীক্ষার ধরনধারণ:** দুই পেপারের কম্পিউটারভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। উভয় পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের দক্ষতা যাচাই করা হবে। ৫০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ২। পেপার-টু-এর প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় থেকে। ১০০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

পশ্চিমবঙ্গের (কোড ৩৭) পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বাঁকুড়া (ডব্লু বি ১৬), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), পশ্চিম মেদিনীপুর (ডব্লু বি ১৩), পূর্ব মেদিনীপুর (ডব্লু বি ১৪), সিউড়ি (ডব্লু বি ২২), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ১৫ জুনের মধ্যে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ugcnet.nta.nic.in/

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ugcnet.nta.nic.in/ অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিজি ফর্ম্যাটে ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (জেপিজি ফর্ম্যাটে ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এ ছাড়াও অনলাইন দরখাস্তের সময় তাৎক্ষণিক ফটো তুলতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,১৫০ টাকা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩২৫ টাকা, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৬০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে। সব ক্ষেত্রেই অতিরিক্ত প্রসেসিং চার্জ ও জিএসটি দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন ফর্মের (কনফার্মেশন পেজ) ৪ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্ত সংশোধন করা যাবে ২২ থেকে ২৪ মে পর্যন্ত।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কগনিজ্যান্টে চাকরি তিন শহরে

কলকাতা, হায়দরাবাদ, চেন্নাই কেন্দ্রে ফাংশনাল অ্যানালিস্ট নেবে অথ্যপ্রযুক্তি সংস্থা কগনিজ্যান্ট। টেকনোলজি/ইঞ্জিনিয়ারিং বিভাগে নিয়োগ করা হবে। ওরাক্যল এক্সটোর, ওরাক্যল ডেটাবেস টেকনোলজি ব্যবহার করে কাজ করার জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। স্টোর অপারেশনের কাজের অভিজ্ঞতা থাকলে চাকরি পেতে সুবিধা হবে। কাজের দক্ষতাই মূল যোগ্যতা।

আগ্রহীরা আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.cognizant.com/india-en/jobs/ প্রয়োজনীয় তথ্য, পাবেন এখানেই। লোকেশনের ঘরে ইন্ডিয়া বা কলকাতা লিখবেন।




# রেল বিভাগে সাইট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সিভিল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিল্ডিং কনস্ট্রাকশন সংক্রান্ত কাজ জানা থাকলে অগ্রাধিকার।

বয়স: ২২-৫-২০২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ৭৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://rlda.indianrailways.gov.in দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রার্থীর পাসপোর্ট মাপের ছবি সেঁটে দেবেন ও তার উপর আড়াআড়ি ভাবে সই করে দেবেন। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

পূরণ করা দরখাস্ত (অ্যানেক্সচার-ওয়ান), চেকলিস্ট (অ্যানেক্সচার-টু), প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র, শেষ ৩ মাসের পে স্লিপ এবং ফর্ম-সিক্সটিন স্ক্যান করে ২২ মে-র মধ্যে মেল করতে হবে এই আইডি-তে: site.engg.rlda@gmail.com

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# কারেন্ট অ্যাফেয়ার্স ①

৮ এপ্রিল-১৭ এপ্রিল

**৮ এপ্রিল** সারদা অর্থলগ্নি সংস্থার কর্ণধার সুদীপ্ত সেন রাজ্যে থাকা সব মামলায় জামিন পেলেন। দীর্ঘ তেরো বছর কারাগারে কেটে গিয়েছে তাঁর। রাজ্যে ৩৮৯টি মামলার মধ্যে ৩৮৭টিতে আগেই জামিন হয়েছে। সর্বোচ্চ সাজার প্রায় দ্বিগুণ কারাবাস করেছেন। অথচ এখনও বিচারই শুরু হয়নি। তাই

গোয়েন্দা প্রধানের পদে আনা হয়েছে সিআইডি-র ডিআইজি সোমা দাস মিত্রকে। একযুগেরও বেশি সময় পরে কলকাতা পুলিশের গোয়েন্দা প্রধান পদে কোনও মহিলা আইপিএস অফিসারকে নিয়োগ করা হল। এছাড়াও যুগ্ম কমিশনার (সদর) পদে আনা হয়েছে ডিআইজি, (পার্সোনেল) সুদীপ সরকারকে।

## দু-সপ্তাহের যুদ্ধবিরতি পশ্চিম এশিয়ায়



৮ এপ্রিল: চল্লিশ দিন পরে সংঘর্ষ বিরতি হল পশ্চিম এশিয়ায়। পাকিস্তানের মধ্যস্থতায় তেহরানের দশ দফা প্রস্তাব মেনে নিয়ে দু-সপ্তাহের জন্য ইরানের সঙ্গে 'যুদ্ধবিরতি'তে রাজি হল আমেরিকা। দু-পক্ষই এই সংঘর্ষবিরতিকে আমাদের জয় বলে তুলে ধরেছে। প্রসঙ্গত, একদিন আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছিলেন ইরান যদি হরমুজ প্রণালী খুলে না দেয়, তাহলে একটি (ইরানি) সভ্যতা সম্পূর্ণ ধ্বংস করে দেওয়া হবে। সেই হুমকি বাস্তবায়িত হওয়ার ১৯ মিনিট আগে ট্রাম্প জানান, ইরানের ১০ দফা প্রস্তাব মেনে নিয়ে আপাতত দু-সপ্তাহের জন্য আক্রমণ বন্ধ রাখছে আমেরিকা ও ইজরায়েল। যদিও ইজরায়েল জানিয়েছে, এই যুদ্ধবিরতি তাদের সম্মতি নিয়ে করা হয়নি।

পাঁচ হাজার টাকার বন্ডে বারাসাত থানার হাতে থাকা দু'টি মামলায় জামিন দেওয়া হল সুদীপ্তকে।

**৯ এপ্রিল** ইরানের সঙ্গে সরাসরি যুদ্ধবিরতি সংক্রান্ত আলোচনার জন্য ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্সকে দায়িত্ব দিলেন ডোনাল্ড ট্রাম্প। কিন্তু লেবাননে ইজরায়েলের আক্রমণ ঘিরে গোটা শান্তিপ্রক্রিয়ায় অনিশ্চয়তা তৈরি হল। গত একদিনে ইজরায়েলের হামলায় লেবাননে দুশোর বেশি মানুষের মৃত্যু হয়েছে। জখম হয়েছেন হাজারের বেশি। আমেরিকা ও ইজরায়েলের দাবি, লেবানন এই যুদ্ধবিরতির শর্তে নেই। আবার ইরানের পার্লামেন্টের স্পিকার মহম্মদ বাঘের গালিবাফ জানিয়েছেন, লেবানন এই চুক্তির অবিচ্ছেদ্য অংশ। ইরানি প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, 'লেবাননে ইজরায়েলের হামলা চলতে থাকলে বৈঠকই অর্থহীন হয়ে যাবে।' অন্যদিকে, ট্রাম্প সমাজমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, 'যতদিন না যুদ্ধ বিরতি চূড়ান্ত হচ্ছে ততদিন পশ্চিম এশিয়া থেকে আমেরিকার সেনা সরবে না।'

**১০ এপ্রিল** উত্তরপ্রদেশে ভোটার তালিকা থেকে বাদ গেল ২ কোটির বেশি নাম। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনে (এসআইআর) সেরাজ্যে খসড়া তালিকায় ২.৮৯ কোটি নাম বাদ গিয়েছিল। এদিন চূড়ান্ত ভোটার তালিকায় দেখা গিয়েছে শেষ দফায় নাম উঠেছে প্রায় ৮৪ লক্ষ ভোটারের। সবমিলিয়ে উত্তরপ্রদেশে বাদ পড়েছে ২.০৫ কোটি নাম। এই বাদ পড়ার অধিকাংশ মৃত বা অন্যত্র স্থানান্তরিত বা দু'টি বিধানসভা কেন্দ্রে নাম ছিল বলে কমিশনের দাবি। গত লোকসভা নির্বাচনের সময়ে উত্তরপ্রদেশে প্রায় ১৫.৪৪ কোটি ভোটার থাকলেও এদিন তা কমে দাঁড়িয়েছে ১৩.৩৯ কোটিতে। সেরাজ্যে বিরোধীরা দাবি করেছে, কয়েক লক্ষ যোগ্য ভোটার চূড়ান্ত তালিকায় বাদ গিয়েছেন। যাঁদের অধিকাংশ মুসলিম।

## বিএনপি সরকারের প্রথম প্রতিনিধি হিসেবে ভারতে এলেন খলিলুর



৮ এপ্রিল: বাংলাদেশের নতুন বিএনপি সরকারের প্রথম সরকারি প্রতিনিধি হিসেবে নয়াদিল্লি এলেন সেদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমান। এদিন নয়াদিল্লির হায়দরাবাদ হাউসে বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন খলিলুর। কূটনৈতিক সূত্রে জানা গিয়েছে, জয়শঙ্করের সঙ্গে বৈঠকে বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জমান খান কমলকে প্রত্যর্পণের আর্জি ফের জানিয়েছেন খলিলুর। ভারতীয় বিদেশমন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, দু-পক্ষই বিদ্যমান দ্বিপাক্ষিক কাঠামোর মাধ্যমে অংশীদারি গভীর করার প্রস্তাবগুলো পর্যালোচনা করছে। খলিলুর রহমান এদিন বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিংহ পুরীর সঙ্গেও বৈঠক করেন।




"দেশে আজ দুই মতাদর্শের লড়াই চলছে। একদিকে কংগ্রেসের ধর্মনিরপেক্ষ ভূমিকা। অন্যদিকে, বিজেপি-আরএসএসের বিভাজনের রাজনীতি। ... ভয় দেখিয়ে নয়, মানুষের অধিকার ফিরিয়েই রাজনীতি করতে হবে।"

রাহুল গান্ধী, *কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা*
পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে জনসভা থেকে বাংলার মাটিতে বিজেপি ও তৃণমূলের মাঝে কংগ্রেসের হারানো জায়গা পুনঃপ্রতিষ্ঠার বার্তা দিয়ে

**সংসদীয় তদন্ত কমিটির সামনে** আত্মপক্ষ সমর্থনের সওয়াল শুরুর দিনই নাটকীয়ভাবে ইস্তফা দিলেন বিচারপতি যশবন্ত বর্মা। লোকসভার বহির্ভূত অর্থ উদ্ধারের পর তাঁকে ইলাহাবাদ হাইকোর্টে বদলি করা হলেও কোনও বিচারবিভাগীয় কাজ দেওয়া হয়নি।

**১১ এপ্রিল** দেশে চলতি এসআইআরে ১৩টি রাজ্যে ৫ কোটিরও বেশি নাম ভোটার তালিকা থেকে বাদ যাচ্ছে বলে পরিসংখ্যান দর্শানো হল। এই ১৩টি ক্ষেত্রে এসআইআরে গুজরাটে সবচেয়ে বেশি ১৩.৪ শতাংশ নাম ভোটার তালিকা থেকে বাদ গিয়েছে। উত্তরপ্রদেশে বাদ গিয়েছে ১৩.২ শতাংশ ভোটারের নাম। কমিশন ঘোষণা করেছে দিল্লি-

## গভীর মহাকাশ জয় করে ফিরল ওরায়ন



১১ এপ্রিল: চার মহাকাশচারীকে নিয়ে ৫৩ বছর পরে গভীর মহাকাশ জয় করে পৃথিবীতে ফিরল মহাকাশযান। এদিন ক্যালিফোর্নিয়ার সান দিয়েগো উপকূলে প্রশান্ত মহাসাগরে সফলভাবে অবতরণ করে নাসার ওরায়ন মহাকাশযান 'ইন্টিগ্রিটি'। নাসার তিন মহাকাশচারী রিড ওয়াইজম্যান, ভিক্টর গ্লোভার, ক্রিস্টিনা কোচ ও কানাডার জেরেমি হ্যানসেনকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় নৌবাহিনীর জাহাজে। ১০ দিনের সফরে নভশ্চরেরা মোট ১১ লক্ষ ১৭ হাজার ৬৫৯ কিলোমিটার পাড়ি দিয়ে নতুন নজির গড়েছেন। পৃথিবী থেকে সর্বোচ্চ ৪ লক্ষ ৬ হাজার ৭৭১ কিলোমিটার দূরত্বে পৌঁছেছিলেন তাঁরা। এতে ভেঙে গিয়েছে ১৯৭০ সালে নাসার 'অ্যাপোলো ১৩' অভিযানে গড়া সর্বোচ্চ দূরত্বের নজির (৪ লক্ষ ১৭১ কিলোমিটার)। এবারের অভিযানে চন্দ্রপৃষ্ঠের ৬,৫৪৫ কিলোমিটার উপর দিয়ে যাওয়ার সময় চাঁদের 'অদেখা অঞ্চল' (ফার সাইড) প্রত্যক্ষ করেন মহাকাশচারীরা।

সচিবালয়ের সূত্র অনুযায়ী, এই পদত্যাগের ফলে বিচারপতি বর্মার বিরুদ্ধে শুরু হওয়া সংসদীয় অপসারণ বা ইমপিচমেন্ট প্রক্রিয়া এখানেই শেষ হয়ে যাচ্ছে। 'জাজেস (এনকোয়ারি) অ্যাক্ট, ১৯৬৮' অনুযায়ী ইমপিচমেন্ট সম্পন্ন হলে পেনশন-সহ যাবতীয় অবসরকালীন সুবিধার প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। পদত্যাগ করায় তাঁর সেই সমস্ত আর্থিক ও আইনি সুবিধা বজায় থাকল। উল্লেখ্য, ২০২১ সালে দিল্লি হাইকোর্টে কর্মজীবন শুরু করা বিচারপতি বর্মার বিচারবিভাগীয় ক্ষমতা একবছর আগেই কেড়ে নেওয়া হয়েছিল। তাঁর দিল্লির সরকারি বাসভবন থেকে হিসাব-

সহ বাকি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলেও এসআইআর হবে। ইতিমধ্যেই সেখানে প্রাথমিক কাজ শুরু হয়ে গিয়েছে। সূত্রের খবর, পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, আসাম, কেরল ও পুদুচেরির ভোট মিটলেই বাকি অংশের এসআইআরের কাজ শুরু হবে।

**পশ্চিম এশিয়ার অশান্তিতে জ্বালানি** সরবরাহে যে সঙ্কট তৈরি হয়েছে তা সামাল দিতে উপসাগরীয় রাষ্ট্রগুলির সঙ্গে দৌত্যে নামল নয়াদিল্লি। এদিন সন্ধ্যায় আবুধাবি গেলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। একইদিনে সৌদি আরবের বাণিজ্যমন্ত্রী মজিদ বিন আবদুল্লা আল কাসাবি-র সঙ্গে ভিডিয়ো মাধ্যমে তেল সঙ্কট নিয়ে কথা বললেন বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল। উপসাগরীয় এলাকায় রফতানি বাড়াতে ভারত যেসব পদক্ষেপ করেছে তা বিশদে সৌদি মন্ত্রীকে জানিয়েছেন গয়াল। ভারত ও জিসিসিভুক্ত রাষ্ট্রগুলির মধ্যে দ্রুত মুক্ত বাণিজ্য চুক্তি করার ব্যাপারেও জোর দিয়েছেন দুই মন্ত্রী। অন্যদিকে আবুধাবিতে আরব দেশগুলির সঙ্গে শক্তিক্ষেত্রে সমঝোতা জোরদার করা এবং বাধাহীন সরবরাহ নিশ্চিত করা নিয়ে কথা বলেছেন বিদেশমন্ত্রী।

## পাকিস্তানের মধ্যস্থতায় শান্তি বৈঠক ব্যর্থ হল



১২ এপ্রিল: পাকিস্তানের মধ্যস্থতায় আমেরিকা আর ইরানের শান্তিবৈঠক ব্যর্থ হল। প্রথমে পাকিস্তানের প্রতিনিধির মাধ্যমে তারপর সরাসরি দু-পক্ষের মধ্যে কথাবার্তা হয়। সব মিলিয়ে ২১ ঘণ্টা বৈঠকের পর মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স জানান, ইরান শর্ত মানতে রাজি হয়নি। ফলে বোঝাপড়া হয়নি। অন্যদিকে, বৈঠক ভেস্তে যাওয়ার পরে ইরানের সরকারি সংবাদমাধ্যমে বলা হয়েছে 'ইরানের প্রতিনিধি দল যথেষ্ট চেষ্টা করেছে। কিন্তু আমেরিকার অযৌক্তিক দাবির জন্য আলোচনার অগ্রগতি ব্যাহত হয়েছে। এই অবস্থাতেই বৈঠক শেষ হয়েছে।'

**পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের** দিকে তাকিয়ে পুলিশ প্রশাসনে বেশ কিছু রদবদল করল নির্বাচন কমিশন। কলকাতা পুলিশেরও একাধিক গুরুত্বপূর্ণ পদে বদল হয়েছে। দীর্ঘদিন ফাঁকা থাকা

যুগ্ম কমিশনার (ইনটেলিজেন্স) করা হয়েছে রাজ্য পুলিশের এসটিএফের ডিআইজি দেবস্মিতা দাসকে।

**ভারতে আফ্রিকা থেকে চিতা নিয়ে** আসার পরে এই প্রথম এদেশে জন্মানো কোনও চিতা জঙ্গলে শাবকের জন্ম দিল। মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানে চারটি শাবকের জন্ম দিয়েছে দু'বছর বয়সি চিতা গামিনী। ভারত সরকারের চিতা সংরক্ষণ প্রকল্পে এটি একটি উল্লেখযোগ্য ঘটনা। উল্লেখ্য, ২০২২ সালে কুনো জাতীয় উদ্যানে চিতা ফেরানোর উদ্যোগ নেওয়া হয়। নামিবিয়া ও বৎসোয়ানা থেকে কয়েক দফায় চিতা আনা হয় এখানে। বর্তমানে কুনোতে আফ্রিকা থেকে আসা এবং এদেশে জন্মানো সব মিলিয়ে চিতার সংখ্যা ৫৭।

## বিশ্বজুড়ে খাদ্যসঙ্কট নিয়ে সতর্কবার্তা



৯ এপ্রিল: বিশ্বজুড়ে খাদ্যসঙ্কট নিয়ে সতর্কবার্তা দিল আন্তর্জাতিক অর্থভাণ্ডার (আইএমএফ), বিশ্ব ব্যাঙ্ক এবং ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম-এর মতো আন্তর্জাতিক সংস্থাগুলি। গোটা বিশ্বকে খাদ্যপণ্যের চড়া দাম ও খাদ্য সঙ্কট নিয়ে সতর্ক করা হয়েছে। পশ্চিম এশিয়ার যুদ্ধ এবং সে-কারণে আন্তর্জাতিক জ্বালানি বাজারের সঙ্কটকেই মূলত দায়ী করেছে এই সংস্থাগুলি। বিশেষজ্ঞদের বার্তা এর ফলে সমস্যায় পড়বে সেই অর্থনীতি যারা আমদানি পণ্যের উপর নির্ভরশীল। তাদের মতে পশ্চিম এশিয়ার যুদ্ধ সংশ্লিষ্ট অঞ্চল, এমনকি তার বাইরেও বহু জায়গায় মানুষের জীবন এবং জীবিকাকে বিপর্যস্ত করেছে। বিশেষ করে যে সব দেশে সরকারের মাথায় ঋণের বোঝা বেশি তারা দরিদ্র বা স্বল্প আয়ের মানুষদের সাহায্য করার মতো অবস্থায় নেই।

এরপর আটের পাতায়

## সরকারি সংস্থায়
# ডেপুটি ম্যানেজার

টেকনিক্যাল শাখায় ডেপুটি ম্যানেজার পদে ৮৫ জনকে নেবে ন্যাশনাল হাইওয়েজ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড। নিয়োগ করা হবে ই-২ গ্রেডে। প্রবেশন ২ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 265543/1248.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৩৬, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৮। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক, সঙ্গে গেট-২০২৪ বা ২০২৫ বা ২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও সংশ্লিষ্ট পত্রে বৈধ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৮-৬-২০২৬ তারিখে ৩৪ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.nhidcl.com দরখাস্ত করা যাবে ৯ মে থেকে ৮ জুন পর্যন্ত।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, বিষয় সংক্রান্ত বা কম্পিউটার সংক্রান্ত এবং ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়ার প্রোডাক্ট ও সার্ভিস-বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনওটিতে: https://nats.education.gov.in/student_type.php ও www.apprenticeshipindia.gov.in এরপর প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: www.unionbankofindia.bank.in/recruitment.aspx অথবা https://beep.bfsissc.com/candidate_register/mkt আবেদনের শেষ তারিখ ১৯ মে। আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি: আধার কার্ড (দু' পিঠ), পাসপোর্ট মাপের ফটো, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, প্যান কার্ড এবং অপার আইডি (প্রতিটির সাইজ হতে হবে ১ এমবি-র মধ্যে)।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৬০০ টাকা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। জিএসটি অতিরিক্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.unionbankofindia.co.in

# হকিন্সে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

ম্যানেজমেন্ট ট্রেনিরা ম্যানুফ্যাকচারিং, কোয়ালিটি কন্ট্রোল, মেইন্টেন্যান্স এবং গবেষণা ও উন্নয়ন-সংক্রান্ত কাজের প্রক্রিয়ার সঙ্গে যুক্ত হবেন।

লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs_ApplyOnline_Form_MgmtTrainees_R.aspx?jobid=131 অনলাইন আবেদনের সময় "Reasons why I am interested in joining Hawkins"—এই শিরোনামে, প্রার্থীর নিজের হাতে লেখা সর্বাধিক ২০০ শব্দের একটি নোট আপলোড করতে হবে।

তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.hawkinscookers.com

# আর্মিতে উচ্চ মাধ্যমিক

*প্রথম পাতার পর*

মেয়াদ ৪ বছর।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দি আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ১৩ মে থেকে ১২ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে এই নিয়োগ সম্পর্কে আগাম জানানো হল।

## পটনা হাই কোর্টে
# কম্পিউটার অপারেটর-কাম-টাইপিস্ট

কম্পিউটার অপারেটর-কাম-টাইপিস্ট পদে ৪৮ জনকে নেবে পটনা হাই কোর্ট। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বিহারের বাসিন্দা হতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা অসংরক্ষিত ২৩টি শূন্যপদে আবেদন করতে পারবেন। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PHC/02/2026.

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে কমপক্ষে ৬ মাসের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ ও হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। টেরিটোরিয়াল আর্মিতে ২ বছর কাজ করে থাকলে বা ন্যাশনাল ক্যাডেট ক্যরের 'বি' সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৫০ নম্বর), কম্পিউটার টাইপিং টেস্ট (২০০ নম্বর) ও ইন্টারভিউয়ের (১০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড গ্রামার (১৫ নম্বর), হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড গ্রামার (১০ নম্বর), কম্পিউটার অ্যাওয়্যারনেস (১৫ নম্বর), রিজনিং অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১০ নম্বর) বিষয়ে। মোট সময় ৫০ মিনিট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.patnahighcourt.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ মে পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,১০০ টাকা। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৯ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


RICE ADAMAS GROUP

ADAMAS UNIVERSITY

NAAC GRADE A




At Adamas University, excellence is a way of life. Ranked highly in Bengal across academics, research and student development, we don't just deliver top results; we nurture well-rounded individuals. From vibrant extracurricular to industry-ready programmes, we prepare our students to thrive – in the classroom, in the workplace and in life. With stellar recruitment opportunities, transformative experiences and a culture that encourage curiosity, creativity and confidence. For students who aim to bloom in every aspect, Adamas University leads the way.

**86 + Undergraduate & Postgraduate Programs**

**School of Engineering and Technology**
- B.Tech (Civil Engineering)
- B.Tech (Biomedical Engineering)
- B.Tech (Computer Science and Engineering & Business Systems)
- B.Tech (Computer Science and Engineering)
- B. Tech (Electronics and Communication Engineering)
- B.Tech (Electrical Engineering)
- B.Tech Electronics Engineering (VLSI Design and Technology)
- B.Tech (Mechanical Engineering)
- B.Tech (Robotics and Artificial Intelligence)
- B.Tech CSE (Artificial Intelligence & Machine Learning)
- B.Tech CSE (Cloud Computing)
- B.Tech CSE (Cyber Security)
- B.Tech CSE (Data Science)
- B.Tech CSE (with specialization in SAP)
- SAP Add-on Global Certification
- BCA
- M.Tech (VLSI & Embedded Systems)
- M.Tech (Data Science and Digital Transformation)
- M.Tech (Structural Engineering)
- MCA

**School of Health and Medical Sciences**
- B.Pharm
- B.A (Psychology)
- B.Sc (Psychology)
- B.Sc Food, Nutrition and Dietetics
- B.Sc Medical Laboratory Technology
- Bachelor of Optometry
- D.Pharm
- M.A (Psychology)
- M.Sc (Psychology)
- M.Sc (Clinical Embryology)
- M.Pharm (Pharmaceutics) / M.Pharm (Pharmacology)

**School of Basic and Applied Sciences**
- B.Sc (Chemistry)
- B.Sc (Environmental Science and Sustainability)
- B.Sc (Mathematics and Computing)
- B.Sc (Applied Statistics and Data Science)
- B.Sc (Forensic Science)
- B.Sc (Geography)
- B.Sc. (Geoinformatics)
- B.Sc (Physics)
- M.Sc (Chemistry)
- M.Sc (Environmental Science and Sustainability)
- M.Sc (Forensic Science)
- M.Sc (Geography)
- M.Sc (Geoinformatics)
- M.Sc (Physics)
- M.Sc (Applied Statistics and Data Science)
- Post-M.Sc Diploma in Medical Physics

**School of Liberal Arts & Culture Studies**
- B.A (Bengali Language and Literature)
- B.A (English Language and Literature)
- B.A (Political Science & International Relations)
- B.A (Public Administration & Governance) • B.A (Sociology)
- B.A (History)
- B.Sc (Economics)
- M.A (Bengali Language and Literature)
- M.A (English Language and Literature)
- M.A (History)
- M.A (Political Science & International Relations)
- M.A (Public Administration & Governance)
- M.A (Sociology)
- M.Sc (Economics)

**School of Life Science and Biotechnology**
- B.Sc (Microbiology)
- B.Sc (Biochemistry)
- B.Sc (Biotechnology)
- B.Tech (Biotechnology)
- B.Tech (Food Technology)
- M.Sc (Biotechnology)
- M.Sc (Microbiology)
- M.Sc (Biochemistry)

**School of Media and Communication**
- B.A (Journalism & Mass Communication)
- B.Sc (Graphics, Animation & Media Technology)
- M.A (Journalism & Mass Communication)
- M.Sc (Graphics & Animation)

**School of Business**
- B.Com • BBA • MBA
- MBA (Logistics and Supply Chain Management)
- MBA (Business Analytics)

**School of Education**
- B.A (Education) • B.Ed
- M.A (Education)

**School of Law and Justice**
- BA. LLB (Hons) • BBA. LLB (Hons)
- LL.M

**School of Smart Agriculture**
- B.Sc (Hons) Agriculture

*Lateral entry available in all streams subject to availability. | Ph.D. offered for all courses*

6292 190 233
1800 419 7423
www.adamasuniversity.ac.in
Visit us on:

CAMPUS: Adamas University, Barasat-Barrackpore Road, Barbaria, P.O Jagannathpur, District-24 Parganas (North), Kolkata-700 126, West Bengal, India CITY OFFICE: Haute Street, 86A, Topsia Road (2nd Floor), Topsia, Kolkata - 700046 STATE OFFICES: - AGARTALA: Palace Compound, BK Road, Opposite Women's College, Agartala, Tripura - 799001, Call 7005354877 GUWAHATI: 6th floor, F Fort building, Kachari basti road, near KFC, Lachit nagar, Guwahati, Assam - 781007, Call: 6292027785 JAMSHEDPUR: 1st Floor, Above Reliance Fresh, Seagull Apartment, Sakchi, Jamshedpur, Jharkhand - 831001, Call: 9830080226 RANCHI: E 3, Ground Floor, Panchsheel Apartment, Dr Usha Rani Lane Lalpur, Ranchi, Jharkhand, Call: 6292030184 PATNA: Flat no-304, 3rd Floor, Hera Enclave, Dakbunglow Road, Patna, Bihar - 800001, Call: 9230986012 BHUBANESWAR: Plot No. 1, Ground Floor, In front of Sisu Bhavan Flyover, Bapuji Nagar, Bhubaneswar, Odisha - 751009, Call: 9777798807 SRINAGAR: Shopian, District Shopian, Jammu and Kashmir - 192303, Call: 9230969093 DURGAPUR: 3rd Floor, Tech Building, Red cross Road, Durgapur, West Bengal - 713216, Call: 9230987169 SILIGURI: 3rd Floor, International Market, Sevoke Road, Siliguri, West Bengal - 734001, Call: 9230987168

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**১২ এপ্রিল** গত কয়েকবছর ধরেই চিন ও তাইওয়ানের সম্পর্কের টানাপড়েনের মধ্যেই চিন জানাল, তাদের বিভিন্ন শহরের সঙ্গে তাইওয়ানের সরাসরি বিমান পরিষেবা চালু হবে। পাশাপাশি তাইওয়ানের জলজ-কৃষি পণ্যের আমদানিও করা হবে। তাৎপর্যপূর্ণভাবে চিনের কমিউনিস্ট পার্টির তাইওয়ান বিষয়ক দফতর জানিয়েছে, তারা তাইওয়ানের কুওমিনতাং পার্টির সঙ্গে দীর্ঘমেয়াদে যোগাযোগ রাখার সম্ভাবনাও খতিয়ে দেখছে। উল্লেখ্য, কুওমিনতাং দলের প্রধান চেং লি-ওয়েন এবং চিনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের মধ্যে সম্প্রতি এক বৈঠক হয়। দু-তরফেই সেই বৈঠকে শান্তি প্রতিষ্ঠার কথা বলা হয়েছে।

## পশ্চিম এশিয়ার যুদ্ধে ভারতের অর্থনৈতিক ক্ষতির আশঙ্কা রাষ্ট্রপুঞ্জের




১৪ এপ্রিল: পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি এবং সামরিক সংঘাতের জেরে ভারতের অর্থনৈতিক ক্ষতির দিকটি নিয়ে আশঙ্কা প্রকাশ করল রাষ্ট্রপুঞ্জ। সংস্থার পক্ষ থেকে 'পশ্চিম এশিয়ার সামরিক বৃদ্ধি: এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল জুড়ে মানব উন্নয়ন প্রভাব' শীর্ষক এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, ভারতের প্রায় ২.৫ কোটি মানুষকে দারিদ্রের দিকে ঠেলে দিতে পারে এই সংঘাত। রাষ্ট্রপুঞ্জের পক্ষ থেকে আরও বলা হয়েছে, ভারত মানব উন্নয়নের দিক থেকেও ক্ষতিগ্রস্ত হতে পারে। জ্বালানির দাম বাড়ায় পরিবহণের খরচ বাড়ছে। এর ফলে ক্রয়ক্ষমতা হ্রাস পেয়ে মানুষের খাদ্য নিরাপত্তা কমছে।

**১৩ এপ্রিল** ভারত-ওমান পারস্পরিক উন্নতির জন্য সিইপিএ-র অধীনে দ্বি-পাক্ষিক বাণিজ্য এবং লগ্নি সংক্রান্ত সমঝোতা আরও পোক্ত করতে দু-দেশের বাণিজ্যমন্ত্রী উদ্যোগী হলেন। সিইপিএ হল— 'কম্প্রিহেনসিভ ইকনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট'। চুক্তিটি গত ডিসেম্বরে মাসকট-এ সই হলেও এখনও কার্যকর হয়নি। এই চুক্তি ভারত থেকে ওমানে ৯৮% পণ্যের রফতানিকে শুল্কমুক্ত করবে। তার মধ্যে রয়েছে বস্ত্র, কৃষি, চামড়ার পণ্য ইত্যাদি। অন্যদিকে, ভারতও ওমানের থেকে খেজুর, মার্বেল, পেট্রোরাসায়নিকের মতো পণ্য আমদানির ক্ষেত্রে শুল্কের হার কমাবে। প্রসঙ্গত, ভারতের রফতানি বাণিজ্য আমেরিকার চড়া শুল্কের ফলে ধাক্কা খাওয়ায় বিকল্প বাজার খুঁজতে শুরু করে নয়াদিল্লি। যে সমস্ত দেশ বিকল্প বাজার হিসেবে নয়াদিল্লির সামনে রয়েছে তার মধ্যে ওমানও অন্যতম বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল।

**মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প** ভ্যাটিকানের পোপকে বেনজির ভাষায় আক্রমণ করার পরও ট্রাম্প প্রশাসনকে ভয় পান না বলে জানালেন পোপ চতুর্দশ লিয়ো। ইরান সংঘাত শুরুর সময় থেকেই যুদ্ধ বন্ধের বার্তা দিয়ে আসছেন পোপ লিয়ো। যেসব রাজনৈতিক নেতা যুদ্ধের উস্কানি দেন তাঁদের হাত রক্তাক্ত বলেও মন্তব্য করেছিলেন তিনি। এরপরই ক্ষিপ্ত ট্রাম্প জানান, ইরানকে সমর্থন করে পোপ আদতে তেহরানের পরমাণু কর্মসূচিকে সমর্থন করতে চান। ট্রাম্পের আরও বক্তব্য, রাজনীতিতে মাথা না গলিয়ে পোপের উচিত ধর্মীয় কাজে মন দেওয়া। যদিও পোপ এর পরেও বলেছেন, 'ভবিষ্যতেও যুদ্ধের বিরুদ্ধে জোর গলায় কথা বলব। যাতে আলোচনা আর কথার মাধ্যমে সব সমস্যার সমাধান বেরোতে পারে।'

## প্রয়াত আশা ভোঁসলে



১২ এপ্রিল: সংগীত জগতের স্বর্ণকণ্ঠী আশা ভোঁসলে (৯২) প্রয়াত হলেন। ১৯৪৩ সালে মাত্র ১০ বছর বয়সে মারাঠি চলচ্চিত্রের গান দিয়ে শুরু প্লে-ব্যাক। এরপর ১৮টিরও বেশি ভাষায় আট দশক ধরে ১২ হাজারেরও বেশি গান গেয়েছেন। দেশের প্রায় সব জনপ্রিয় সুরকারদের সুরেই গান গেয়েছেন। তবে ওঙ্কারপ্রসাদ (ওপি) নায়ার আর রাহুলদেব বর্মণ-এর সঙ্গে আশা ভোঁসলের জুটি গানের জগতে নজির গড়েছে। জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন 'উমরাও জান'-এ 'দিল চিজ ক্যা হ্যায়' (১৯৮১) এবং 'ইজাজত' ছবিতে 'মেরা কুছ সামান' (১৯৮৭) গানের জন্য। ২০০০ সালে পেয়েছেন দাদাসাহেব ফালকে পুরস্কার এবং ২০০৮ সালে পান পদ্মবিভূষণ।

## এশিয়ার ধনীতম গৌতম আদানি



১৭ এপ্রিল: মুকেশ আম্বানিকে টপকে এশিয়ার ধনীতম ব্যক্তি হলেন গৌতম আদানি। ব্লুমবার্গ বিলিয়োনেয়ার সূচকে বিশ্বের প্রথম ৫০০ ধনী ব্যক্তির তালিকায় আদানি গোষ্ঠীর কর্ণধার ১৯তম স্থানে রয়েছেন। তাঁর সম্পত্তির অঙ্ক ৯,২৬০ কোটি ডলার (প্রায় ৮.৬১ লক্ষ কোটি টাকা)। রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজের কর্ণধার মুকেশের সম্পদ ৯,০৮০ কোটি ডলার (প্রায় ৮.৪৪ লক্ষ কোটি টাকা)। এবছরও বিশ্বের ধনীতম ব্যক্তি হিসেবে তালিকায় প্রথমে টেসলা কর্ণধার ইলন মাস্ক। তাঁর সম্পত্তি ৬৫,৬০০ কোটি ডলার (প্রায় ৬১ লক্ষ কোটি টাকা)।


**এবছর মেয়েদের টি-টোয়েন্টি** বিশ্বকাপের জন্য পুরস্কারমূল্য ঘোষণা করল আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা আইসিসি। গতবারের থেকে এবার পুরস্কারমূল্য বাড়ানো হল ১০ শতাংশ। বিশ্বকাপের সর্বমোট পুরস্কারমূল্য ধার্য হয়েছে প্রায় ৮২ কোটি টাকা। জয়ী দল পাবে ২১ কোটি ৮৪ লক্ষ টাকা। রানার্স দল পাবে ১০ কোটি ৯২ লক্ষ টাকা। গতবার দশটি দেশ প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। এবছর প্রথমবার বিশ্বকাপে ১২টি দেশ অংশ নেবে।

**১৪ এপ্রিল** ইজরায়েলের সঙ্গে প্রতিরক্ষা সংক্রান্ত চুক্তি স্থগিত রাখলেন ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি। তবে ঠিক কী কারণে এই চুক্তি স্থগিত রাখা হয়েছে, সে সম্পর্কে সংশ্লিষ্ট মহলের অনুমান— পশ্চিম এশিয়ার উত্তপ্ত পরিস্থিতিকে কেন্দ্র করে আন্তর্জাতিক মঞ্চে ইজরায়েল এখন কিছুটা কোণঠাসা। এমন পরিস্থিতিতে ইজরায়েলের সঙ্গে প্রতিরক্ষা সমঝোতায় জড়ালে ইটালির ভাবমূর্তি নষ্ট হতে পারে। সে কারণেই এমন পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

**ইরানের বন্দরগুলিকে আমেরিকার** অবরুদ্ধ ঘোষণা করার সিদ্ধান্তের কড়া নিন্দা করল বেজিং। পশ্চিম এশিয়ার সংঘাত পরিস্থিতি নিয়ে প্রথম দিকে নীরব থাকলেও এবার সক্রিয় ভূমিকা নিয়ে চিনা প্রেসিডেন্ট বলেন, 'পশ্চিম এশিয়ায় শান্তি এবং স্থিতিশীলতা ফিরিয়ে আনতে আন্তর্জাতিক আইন মেনে চলাটা খুব দরকার।' এদিন বেজিংয়ে আবুধাবির যুবরাজ শেখ খালেদ বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান এবং স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো স্যাঞ্চেজের সঙ্গে পৃথক বৈঠক সারেন শি জিনপিং। সেখানে পশ্চিম এশিয়া প্রসঙ্গ উঠে আসে। চিনা বিদেশ মন্ত্রকের মুখপাত্র গুয়ো জিয়াকুন এক সাংবাদিক বৈঠকে বলেন, 'উপসাগরীয় এলাকায় আমেরিকার অতিরিক্ত বাহিনী মোতায়েন এবং ইরানের বন্দরগুলিকে অবরুদ্ধ ঘোষণা গোটা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। এটা অত্যন্ত বিপজ্জনক এবং দায়িত্বজ্ঞানহীন ব্যবহারের পরিচয়।'

**ছত্তিশগড়ের বেদান্ত তাপবিদ্যুৎ** কেন্দ্রের বয়লার বিস্ফোরণে ১৭ জনের মৃত্যু হল। জখম অন্তত ৩০। মৃতদের মধ্যে পাঁচজন পশ্চিমবঙ্গের বাসিন্দা। ছত্তিসগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই দুর্ঘটনাকে অত্যন্ত মর্মান্তিক আখ্যা দিয়ে মৃতদের পরিবার পিছু পাঁচ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা ক্ষতিপূরণের ঘোষণা করেছেন।

## হরমুজ প্রণালী খুলল ইরান



১৭ এপ্রিল: বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য ইরান পুরোপুরি খুলে দিল হরমুজ প্রণালী। লেবাননের উপর ইজরায়েলের হামলা আপাতত বন্ধ থাকার সঙ্গে সঙ্গতি রেখেই এই সিদ্ধান্ত নিয়েছে তেহরান। ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি সমাজমাধ্যমে লিখেছেন, লেবাননের সঙ্গে যুদ্ধবিরতি যতদিন চলবে, ততদিন বাণিজ্যিক জাহাজ হরমুজ দিয়ে যাতায়াত করতে পারবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও এই ঘোষণায় ইরানকে ধন্যবাদ জানিয়েছেন। তবে ইরান এক শর্তে বলেছে, আপাতত আরব দেশগুলি এবং মার্কিন নৌবাহিনীর কোনও জাহাজ ওই পথে চলাচল করতে পারবে না। তবে বাণিজ্যিক জাহাজগুলিকে হরমুজ পার হওয়ার সময় ইরানের 'রেভোলিউশনারি গার্ড' তথা 'আইআরজিসি'-র সঙ্গে যোগাযোগ রাখতে হবে।

**১৫ এপ্রিল** চিন এবং সারা বিশ্বের জন্যই হরমুজ প্রণালী খুলে দিয়েছেন বলে দাবি করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একইসঙ্গে তাঁর বক্তব্য ভবিষ্যতে কোনও সংঘাত হলে তার জন্যও পশ্চিম এশিয়ায় প্রতিরক্ষা বাহিনী মোতায়েন রাখছে আমেরিকা। এরই মধ্যে এদিন মধ্যস্থতাকারী দেশের প্রতিনিধি হিসেবে পাক সেনাপ্রধান আসিম মুনির তেহরান পৌঁছন। দ্বিতীয় পর্যায়ের শান্তি বৈঠকের আগে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স সমাধানসূত্র মিলবে বলে আশাপ্রকাশ করেছেন। তিনি বলেন, 'আমেরিকা ও ইরানের মধ্যে দীর্ঘদিনের অবিশ্বাসই প্রথম দফার বৈঠক ব্যর্থ হওয়ার কারণ। এই পরিস্থিতি না বদলালে চূড়ান্ত রফাসূত্র খুঁজে পাওয়া কঠিন।'

**১৬ এপ্রিল** ইরান-আমেরিকা যুদ্ধবিরতি শেষ হওয়ার পাঁচদিন আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করলেন, ইরান তাদের মজুত করা ইউরেনিয়াম আমেরিকার হাতে তুলে দিতে রাজি হয়েছে। ট্রাম্পের আরও বক্তব্য এর ফলে শান্তিচুক্তির রাস্তা প্রশস্ত হল। অন্যদিকে, এদিনই ইরানের সঙ্গে যুদ্ধে বড় ক্ষতির কথা স্বীকার করেছে আমেরিকা। গত ৯ এপ্রিল পারস্য উপসাগরে তাদের এমকিউ-৪সি ট্রিটন ড্রোন ভেঙে পড়ে। নজরদারি ড্রোনটি তৈরি করতে খরচ হয় প্রায় ২৪ লক্ষ ডলার। যা দু'টি এফ-৩৫ যুদ্ধবিমানের সমান। ইরানের আক্রমণেই ড্রোনটি ভেঙে পড়ে বলে মনে করা হচ্ছে।

**পশ্চিম এশিয়ার সংঘাতপূর্ণ** পরিস্থিতিতে আমেরিকা থেকে এলপিজি আমদানি বাড়াল ভারত। এমাসের প্রথম ১৪ দিনেই আমেরিকা থেকে ১.৪২ লক্ষ টন এলপিজি এসেছে। যা মোট আমদানি হওয়া এলপিজির ২৭%। সংযুক্ত আরব আমিরশাহি থেকে এসেছে ১.৪১ লক্ষ টন, সৌদি আরব থেকে ৯২ হাজার টন, কাতার থেকে ৮২ হাজার টন এবং কুয়েত থেকে ১১ হাজার টন। ইরান এবং আর্জেন্টিনাও যথাক্রমে ৪৩ হাজার টন এবং ১১ হাজার টন এলপিজি পাঠিয়েছে। ফেব্রুয়ারির তুলনায় অবশ্য এই আমদানি অর্ধেক কমেছে। জ্বালানির ক্ষেত্রে ভারত এখনও আমদানি নির্ভর হওয়ায় পশ্চিম এশিয়ার অশান্তির আবহে জ্বালানি নিয়ে ভারতের উদ্বেগ কমছে না।

## বিহারে শপথ সম্রাটের, রাজ্যসভায় গেলেন নীতীশ



১৫ এপ্রিল: বিহারে প্রথমবার বিজেপি-র নেতা হিসেবে মুখ্যমন্ত্রীত্বের শপথ নিলেন সম্রাট চৌধুরী। একদিন আগেই মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দেন জেডিইউ প্রধান নীতীশ কুমার। এরপর জোটসঙ্গী বিজেপি দলীয় বৈঠকে সম্রাটকেই মুখ্যমন্ত্রীর পদে বেছে নেয়। এদিন সম্রাট চৌধুরীর সঙ্গে মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন জেডিইউয়ের দুই বর্ষীয়ান বিধায়ক বিজয় চৌধুরি ও বিজেন্দ্র যাদব। উল্লেখ্য, গত নভেম্বরে বিহারে বিধানসভা ভোটের পর এনডিএ-র শরিক হিসেবে মুখ্যমন্ত্রী হন জেজিইউ প্রধান নীতীশ। ছ'মাসের মধ্যেই জোট রাজনীতির অঙ্গ হিসেবেই পদ ছাড়তে হল তাঁকে। মুখ্যমন্ত্রিত্ব গেলেও রাজ্যসভার সাংসদ হিসেবে দিল্লি গিয়েছেন নীতীশ।

## সংসদীয় ভোটাভুটিতে হার মোদী সরকারের



১৭ এপ্রিল: সংসদে সংবিধান সংশোধনকারী মহিলা সংশোধনী বিল এনে ভোটাভুটিতে সম্মিলিত বিরোধী শক্তির কাছে পরাজিত হল নরেন্দ্র মোদী সরকার। এর আগে কৃষি বিল এনে তা প্রত্যাহার করে নিতে হয়েছিল সরকারকে। কিন্তু সেক্ষেত্রেও বিরোধীদের প্রবল আপত্তি সত্ত্বেও কৃষি বিল পাশ করাতে সমস্যা হয়নি সরকারের। মহিলা সংরক্ষণ সংক্রান্ত এই বিলটি যেহেতু সংবিধান সংশোধনকারী, তাই বিলটি পাশ করাতে সংসদে উপস্থিত সাংসদদের দুই-তৃতীয়াংশের সমর্থন প্রয়োজন ছিল। এদিন মোট ৫২৮ জন সাংসদ উপস্থিত ছিলেন। বিল পাশে প্রয়োজন ছিল ৩৫২ জনের সমর্থন। কিন্তু পক্ষে ভোট পড়ে ২৯৮ জনের। বিরুদ্ধে ছিলেন ২৩০ সাংসদ।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. A person who knows two language is called:
(a) Monolingual (b) Bilingual (c) Trilingual (d) Polylingual
2. Cheek by Jowl is a idomatic phrases, it means:
(a) Very close to each other (b) Frequently (c) One's beloved (d) To fulfil the promise
3. Synonym of 'Yield' is:
(a) Roar (b) Scream (c) Produce (d) Mare
4. Antonym of 'Wane' is:
(a) Ebb (b) Wax (c) Prosper (d) Wager
5. ___ enquiry was ordered to ascertain the actual cause of the accident.
(a) The (b) A (c) An (d) None of these
6. My father was very popular ___ his students.
(a) to (b) of (c) for (d) with
7. A city of the dead is called:
(a) Megal polis (b) Metropolis (c) Necropolis (d) Trynopolis
8. 'Kith and kin' is a idiom, it means:
(a) Near & dear ones (b) almost unknown (c) in full activity (d) a scholar
9. Synonym of 'Consolidate'
(a) Hesitate (b) Conjoin (c) Delete (d) Unite
10. Antonym of 'Candid'
(a) Honest (b) Sincere (c) Guarded (d) Tree
11. Decay is ___ immutable factor of human life.
(a) the (b) an (c) a (d) None of the above
12. I congratulate him ____ his success.
(a) on (b) to (c) of (d) with
13. Study of liver is called:
(a) Hepatology (b) Pulmonology (c) Opthalmology (d) Otology
14. 'Easy-Chair' is a nominal compound here two parts of speech are:
(a) Adjective + Adjective (b) Adjective + Noun (c) Adjective + Verb (d) Verb + Noun
15. 'Set up' means:
(a) to start (b) to establish (c) to call (d) to discount
16. Feminine gender of 'Deer' is:
(a) Bitch (b) Lamle (c) Ewe (d) Doe
17. Puppy is a:
(a) Young dog (b) Young swine (c) Young cat (d) Young deer
18. Give me some milk. It is an example of:
(a) Adjective of quality (b) Adjective of quantity (c) adjective of distribution (d) Adjective of demonstration
19. A ___ of bees.
(a) herd (b) swarm (c) pride (d) flock
20. An impulse to fire is called:
(a) Hydromania (b) Pyromania (c) Graphomania (d) Kleptomania
21. I have not eaten rice: It is an example of:
(a) Present Indefinite tense (b) Present continuous tense (c) Present Perfect tense (d) Past indefinite tense
22. 'Study of teeth' is called:
(a) Dermatology (b) Odontology (c) Otology (d) Hepatology
23. 'Look over' means:
(a) to examine (b) to elaborate (c) to understand (d) to search
24. 'Ewe' is the faminine gender of:
(a) Deer (b) Swine (c) Ram (d) Lion
25. Kitten is the young:
(a) Goat (b) Cat (c) Dog (d) Sheep
26. রসে মতানে ভূমিরূপটি সৃষ্টি হয়:
(a) হিমবাহের কার্যে (b) নদীর কার্যে (c) বায়ু প্রবাহের কার্যে (d) ভৌমজলের কার্যে
27. যে কয়লাটিকে কোক কয়লা বলে:
(a) অ্যানথ্রাসাইট (b) বিটুমিনাস (c) লিগনাইট (d) পিট
28. চ্যুতির ফলে সৃষ্ট পর্বতটি হল:
(a) ভঙ্গিল পর্বত (b) স্তূপ পর্বত (c) আগ্নেয় পর্বত (d) ক্ষয়জাত পর্বত
29. মহাবিষুব যে দিনটিকে বলা হয়:
(a) 21 মার্চ (b) 23 সেপ্টেম্বর (c) 22 ডিসেম্বর (d) 21 জুন
30. 'কুদ্রেমুখ' একটি:
(a) তাম্রখনি (b) লৌহখনি (c) ম্যাঙ্গানীজ খনি (d) কয়লাখনি
31. চন্দ্রগ্রহণ:
(a) পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে (b) চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে (c) সূর্যের ছায়া চাঁদের উপর পড়ে (d) চাঁদের ছায়া সূর্যের উপর পড়ে
32. বায়ুমণ্ডলের সবচেয়ে ভারী গ্যাসটি হল:
(a) নাইট্রোজেন (b) হাইড্রোজেন (c) হিলিয়াম (d) রেডন
33. চাঁদ, সূর্য ও পৃথিবীর এক সরলরেখায় অবস্থানকে বলে:
(a) পেরিজি (b) অ্যাপোজি (c) সিজিগি (d) সংযোগ
34. পৃথিবীর দীর্ঘতম পর্বতমালা হল:
(a) হিমালয় (b) রকি (c) আন্দিজ (d) আল্পস
35. মিলেট চাষের উপযোগী মৃত্তিকাটি হল:
(a) পডসল (b) চারনোজেম (c) কৃষ্ণমৃত্তিকা (d) সিরোজেম
36. জায়িদ শস্য চাষ হয়:
(a) শীতকালে (b) গ্রীষ্মকালে (c) বর্ষাকালে (d) শরৎকালে
37. পৃথিবীর গড় পরিধি প্রায়:
(a) 12600 কিলোমিটার (b) 40000 কিলোমিটার (c) 42000 কিলোমিটার (d) 6400 কিলোমিটার
38. 21 জুন থেকে 22 ডিসেম্বর সূর্যের আপাতগতি হল:
(a) উত্তরায়ন (b) দক্ষিণায়ন (c) কর্কট সংক্রান্তি (d) মকর সংক্রান্তি
39. আন্তর্জাতিক তারিখরেখার দু'পাশের সময়ের পার্থক্য:
(a) 0 ঘণ্টা (b) 10 ঘণ্টা (c) 12 ঘণ্টা (d) 24 ঘণ্টা
40. সমপ্রায় ভূমির মাঝের টিলাগুলি হল:
(a) মোনাডনক (b) ইনসেলবার্জ (c) টর (d) বাজাদা
41. চুনাপাথর যুক্ত অঞ্চলে প্রাধান্য পায়:
(a) দ্রবণ (b) জারণ (c) কার্বনেশন (d) হাইড্রেশন
42. লোহায় মরচে ধরা হল:
(a) জারণ (b) দ্রবণ (c) জলযোজন (d) অঙ্গার যোজন
43. উত্তরাখণ্ডের বিপর্যয়ের প্রধান কারণ:
(a) খরা (b) হড়পাবান (c) সুনামি (d) দাবানল
44. পশ্চিমবঙ্গে ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যাক্ট পাশ হয়:
(a) 2011 সালে (b) 2007 সালে (c) 2002 সালে (d) 2010 সালে
45. ভারতের বৃহত্তম লিগনাইট খনি:
(a) উমারিয়া (b) নেভেলি (c) কোরবা (d) সিঙ্গারেনি
46. ভারতের প্রাচীনতম তৈল খনিটি হল:
(a) বোম্বেহাই (b) নাহারকাটিয়া (c) ডিগবয় (d) গেলেকি
47. সম্পদের প্রকৃত জননী হল:
(a) প্রকৃতি (b) মানুষ (c) সংস্কৃতি (d) জ্ঞান
48. NTPC যে বিদ্যুৎ সংস্থা:
(a) তাপবিদ্যুৎ (b) সৌরবিদ্যুৎ (c) বায়ুবিদ্যুৎ (d) জলবিদ্যুৎ
49. কোনটি অস্ট্রেলিয়ার ঘূর্ণিঝড়?
(a) টাইফুন (b) উইলি উইলি (c) টর্নেডো (d) ব্লিজার্ড
50. তুষারপুঞ্জের দ্রুত নেমে আসাকে বলে:
(a) তুষারপাত (b) হিমবাহ (c) হিমানী সম্প্রপাত (d) বরফপাত
51. নীচের কোনটি নিজামের শহর?
(a) হায়দ্রাবাদ (b) সেকেন্দ্রাবাদ (c) বিজাপুর (d) গোলকুন্ডা
52. কলকাতা মেডিক্যাল কলেজ স্থাপিত হয়:
(a) 1856 সালে (b) 1857 সালে (c) 1835 সালে (d) 1836 সালে
53. রামচরিত মানসের রচয়িতা হলেন:
(a) ইবন বতুতা (b) তুলসীদাস (c) সন্ধ্যাকর নন্দী (d) ফা-হিয়েন
54. হুন আক্রমণ প্রতিরোধকারী গুপ্ত সম্রাট হলেন:
(a) চন্দ্রগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) শ্রীগুপ্ত (d) স্কন্দগুপ্ত
55. স্বত্ববিলোপ নীতির সঙ্গে যুক্ত হলেন:
(a) ডালহৌসী (b) কর্নওয়ালিস (c) বেন্টিঙ্ক (d) ওয়েলেসলি
56. পাপেতি কোন ধর্মের উৎসব?
(a) শিখ (b) বৌদ্ধ (c) জৈন (d) পারসি
57. 'তরুণের স্বপ্ন' বইটি লিখেছেন?
(a) মহাত্মা গান্ধী (b) মাষ্টার দা সূর্যসেন (c) নেতাজি সুভাষচন্দ্র বসু (d) অরবিন্দ ঘোষ
58. কোন যুদ্ধে টিপু সুলতানের মৃত্যু হয়?
(a) দ্বিতীয় ইঙ্গ মহীশূর যুদ্ধ (b) তৃতীয় ইঙ্গ মহীশূর যুদ্ধ (c) পঞ্চম ইঙ্গ মহীশূর যুদ্ধ (d) চতুর্থ ইঙ্গ মহীশূর যুদ্ধ
59. কাকে পার্বত্য মুষিক বলা হয়?
(a) শিবাজি (b) শেরশাহ (c) আকবর (d) বাবর
60. পাট্টা ও কবুলিয়ত চালু করেন:
(a) শিবাজি (b) শেরশাহ (c) আকবর (d) বাবর
61. নীচের কোন মুঘল সম্রাটের আসল নাম সেলিম?
(a) বাবর (b) জাহাঙ্গির (c) আকবর (d) শাহজাহান
62. ঘর্ঘরার যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1526 সালে (b) 1527 সালে (c) 1528 সালে (d) 1529 সালে
63. পাদশাহনামা থেকে কোন দু'জনের রাজত্বকালের কাহিনী পাওয়া যায়?
(a) আকবর, বাবর (b) আকবর, জাহাঙ্গির (c) জাহাঙ্গির, বাবর (d) শাহজাহান, ঔরঙ্গজেব
64. সেন বংশীয় রাজাদের পূর্বপুরুষরা ছিলেন:
(a) কেরালাবাসী (b) কর্নাটকবাসী (c) মহারাষ্ট্রবাসী (d) তামিলনাড়ুবাসী

এরপর দশের পাতায়

# নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

## এ এন এম, জি এন এম-এর প্রবেশিকার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোনটি 'আত্মঘাতী থলি' বা Suicide Bag নামে পরিচিত?
(a) রাইবোজোম (b) লাইসোজোম (c) সেন্ট্রোজোম (d) গলগি বডি
2. মাইটোসিস কোষ বিভাজনের কোন দশায় ক্রোমোজোমগুলি বিষুব অঞ্চলে অবস্থান করে?
(a) প্রোফেজ (b) মেটাফেজ (c) অ্যানাফেজ (d) টেলোফেজ
3. উদ্ভিদ কোষে প্রোটিন সংশ্লেষণের প্রধান স্থান কোনটি?
(a) ক্লোরোপ্লাস্ট (b) ডিকটিওজোম (c) রাইবোজোম (d) ভ্যাকুওল
4. বংশগতির জনক কাকে বলা হয়?
(a) চার্লস ডারউইন (b) ল্যামার্ক (c) গ্রেগর জোহান মেন্ডেল (d) দ্য ভ্রিস
5. DNA-র দ্বিশৃঙ্খল গঠনের নকশা কে প্রবর্তন করেন?
(a) রবার্ট হুক (b) ওয়াটসন ও ক্রিক (c) হরগোবিন্দ খোরানা (d) মর্গ্যান
6. নীচের কোনটি মানুষের ক্ষেত্রে একটি নিষ্ক্রিয় অঙ্গ?
(a) অ্যাপেনডিক্স (b) ফুসফুস (c) হৃৎপিণ্ড (d) বৃক্ক
7. মানবদেহের বৃহত্তম পরিপাক গ্রন্থি কোনটি?
(a) অগ্ন্যাশয় (b) লালাগ্রন্থি (c) যকৃৎ (d) থাইরয়েড
8. লোহিত রক্তকণিকার গড় আয়ু কত দিন?
(a) 60 দিন (b) 90 দিন (c) 120 দিন (d) 150 দিন
9. মানবদেহে রক্তচাপ পরিমাপ করার যন্ত্রটির নাম কী?
(a) ব্যারোমিটার (b) স্ফিগমোম্যানোমিটার (c) থার্মোমিটার (d) স্টেথোস্কোপ
10. উদ্ভিদের জল পরিবহনে প্রধান ভূমিকা পালন করে কোন কলা?
(a) ফ্লোয়েম (b) জাইলেম (c) প্যারেনকাইমা (d) কোলেনকাইমা
11. সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় উপজাত বস্তু হিসেবে অক্সিজেন কোথা থেকে নির্গত হয়?
(a) কার্বন ডাই-অক্সাইড (b) গ্লুকোজ (c) জল (d) ক্লোরোফিল
12. বাষ্পমোচনের হার মাপার যন্ত্রটির নাম কী?
(a) হাইগ্রোমিটার (b) পোটোমিটার (c) অক্সানোমিটার (d) ম্যানোমিটার
13. নিউরোনের দীর্ঘ প্রবর্ধক বা অ্যাক্সন-এর শেষ প্রান্তের শাখাগুলোকে কী বলা হয়?
(a) ডেনড্রাইট (b) প্রান্তবুরুশ (c) নভিয়ারের পর্ব (d) নিউক্লিয়াস
14. অবাত শ্বসনে এক অণু গ্লুকোজ জারিত হয়ে কত অণু ATP তৈরি করে?
(a) 2 অণু (b) 4 অণু (c) 38 অণু (d) 10 অণু
15. পতঙ্গভুক্ত উদ্ভিদেরা-নাইট্রোজেনঘটিত পুষ্টির জন্য কাকে ভক্ষণ করে?
(a) শৈবাল (b) ছত্রাক (c) পতঙ্গ (d) ছোট মাছ
16. একটি পরজীবী খাদ্য শৃঙ্খলের উদাহরণ কোনটি?
(a) ঘাস — ফড়িং (b) মানুষ — মশা (c) বাঘ — হরিণ (d) ঈগল — সাপ
17. গ্লোবাল ওয়ার্মিং বা বিশ্ব উষ্ণায়নের জন্য প্রধান দায়ী গ্যাস কোনটি?
(a) অক্সিজেন (b) নাইট্রোজেন (c) কার্বন ডাই-অক্সাইড (d) হাইড্রোজেন
18. ল্যামার্কের তত্ত্বের মূল ভিত্তি কী?
(a) প্রাকৃতিক নির্বাচন (b) অস্তিত্বের লড়াই (c) অর্জিত গুণের বংশানুসরণ (d) মিউটেশন
19. উদ্ভিদের অগ্রস্থ প্রকটতা নিয়ন্ত্রণ করে কোন হরমোন?
(a) জিব্বারেলিন (b) অক্সিন (c) সাইটোকাইনিন (d) ইথিলিন
20. মেন্ডেলের দ্বিসংকর জননের 'ফেনোটাইপ' অনুপাত কত?
(a) 3 : 1 (b) 1 : 2 : 1 (c) 9 : 3 : 3 : 1 (d0 1 : 1 : 1 : 1
21. রক্ত জমাট বাঁধতে সাহায্য করে কোন ভিটামিন?
(a) ভিটামিন A (b) ভিটামিন E (c) ভিটামিন K (d) ভিটামিন D
22. ক্লোরোফিল অণুর কেন্দ্রীয় ধাতব উপাদানটি কী?
(a) লোহা (b) ম্যাগনেসিয়াম (c) ক্যালসিয়াম (d) তামা
23. ইউক্যারিওটিক কোষে DNA কোন প্রোটিনের সঙ্গে যুক্ত হয়ে ক্রোমাটিন গঠন করে?
(a) কোলাজেন (b) হিস্টোন (c) অ্যালবুমিন (d) কেরাটিন
24. নীচের কোন উদ্ভিদটি ব্যক্তবীজী-এর অন্তর্গত?
(a) পাইন (b) ফার্ন (c) আম (d) স্পাইরোগাইরা
25. ইউট্রোফিকেশন কীসের সঙ্গে সম্পর্কিত?
(a) বায়ু দূষণ (b) শব্দ দূষণ (c) জল দূষণ (d) মাটি দূষণ
26. ইনসুলিন হরমোন কোথা থেকে নিঃসৃত হয়?
(a) পিটুইটারি (b) থাইরয়েড (c) অগ্ন্যাশয় (d) অ্যাড্রিনাল
27. হিমোফিলিয়া রোগটি কোন প্রকারের?
(a) সংক্রামক (b) লিঙ্গ সংযোজিত বংশগত (c) অপুষ্টিজনিত (d) হরমোনজনিত
28. গ্রিনহাউস এফেক্টের জন্য দায়ী প্রধান প্রাকৃতিক গ্যাস কোনটি?
(a) মিথেন (b) জলীয় বাষ্প (c) ওজোন (d) কার্বন মনোক্সাইড
29. জাইলেম কলার সজীব উপাদান কোনটি?
(a) ট্রাকিড (b) ট্রাকিয়া (c) জাইলেম তন্তু (d) জাইলেম প্যারেনকাইমা
30. মানুষের করোটি স্নায়ুর সংখ্যা কত?
(a) 10 জোড়া (b) 12 জোড়া (c) 31 জোড়া (d) 21 জোড়া
31. শ্বেত রক্তকণিকার (WBC) প্রধান কাজ কোনটি?
(a) শক্তি উৎপাদন (b) হরমোন নিঃসরণ (c) পুষ্টি সরবরাহ (d) রোগ জীবাণু ধ্বংস
32. ডি এন এ (DNA)-র গঠনগত এককককে কী বলা হয়?
(a) নাইট্রোজেন বেস (b) নিউক্লিওসাইড (c) নিউক্লিওটাইড (d) ফসফরিক অ্যাসিড
33. কোন প্রাণীর দেহে অসাধারণ পুনরুৎপাদন ক্ষমতা দেখা যায়?
(a) অ্যামিবা (b) হাইড্রা (c) প্ল্যানারিয়া (d) যকৃৎ কৃমি

এরপর দশের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

65. দিল্লির লোদি বংশের প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) বহলুল লোদি (b) সিকন্দর লোদি (c) ইব্রাহিম লোদি (d) খিজির খাঁ
66. চৌসার যুদ্ধ হয়:
(a) 1537 সালে (b) 1538 সালে (c) 1539 সালে (d) 1540 সালে
67. নীচের কোন বংশটি শেরশাহের?
(a) তুলুভ (b) শূর (c) সৈয়দ (d) মুঘল
68. আকবরের রাজসভার নবরত্নের অন্যতম ফৈজি হলেন:
(a) বিদুষক (b) কবি (c) রাজস্বমন্ত্রী (d) সঙ্গীতজ্ঞ
69. কেশরি পত্রিকার সম্পাদক হলেন:
(a) লালা লাজপত রায় (b) বালগঙ্গাধর তিলক (c) বিপিন চন্দ্র পাল (d) অশ্বিনী কুমার দত্ত
70. নীচের কোন স্বাধীনতা সংগ্রামীর জন্ম 15 অগস্ট?
(a) অরবিন্দ ঘোষ (b) অশ্বিনী কুমার দত্ত (c) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (d) বিপিনচন্দ্র পাল
71. কত সালে নীল কমিশন গঠিত হয়?
(a) 1850 সালে (b) 1860 সালে (c) 1870 সালে (d) 1880 সালে
72. অমৃতবাজার পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) কেশবচন্দ্র সেন (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) শিশির কুমার ঘোষ (d) প্যারীচাঁদ মিত্র
73. প্রার্থনা সমাজ গড়ে ওঠে:
(a) পাঞ্জাবে (b) গুজরাটে (c) পশ্চিমবঙ্গে (d) মহারাষ্ট্রে
74. হান্টার কমিশন গঠিত হয়:
(a) 1880 সালে (b) 1882 সালে (c) 1884 সালে (d) 1886 সালে
75. জাতীয় কংগ্রেসের দ্বিতীয় অধিবেশনে কে সভাপতিত্ব করেন?
(a) উমেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) দাদাভাই নওরোজি (d) বদরুদ্দিন তৈয়াবজি
76. 'মাছ ধরার ছিপ' হল:
(a) প্রথম শ্রেণির লিভার (b) দ্বিতীয় শ্রেণির লিভার (c) তৃতীয় শ্রেণির লিভার (d) কোনওটিই নয়
77. দাড়ি কামানোর জন্য ব্যবহৃত দর্পণ হল:
(a) অবতল দর্পণ (b) সমতল দর্পণ (c) পেরিস্কোপ (d) অর্ধবৃত্তাকার দর্পণ
78. দূরের বস্তু দেখতে অসুবিধা হলে চশমায় ব্যবহৃত হয়:
(a) অবতল লেন্স (b) উত্তল লেন্স (c) উত্তল ও অবতল লেন্স (d) পেরিস্কোপ
79. উদ্ভিদের সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় যে শক্তি রূপান্তর ঘটে তা হল:
(a) আলোক শক্তি তাপ শক্তিতে (b) আলোক শক্তি বিদ্যুৎ শক্তিতে (c) আলোক শক্তি রাসায়নিক শক্তিতে (d) আলোক শক্তি তড়িৎশক্তিতে
80. প্রজ্বলিত মোমবাতি ঢেকে দিলে যার অভাবে নিভে যায়:
(a) $O_2$ (b) $CO_2$ (c) $SO_2$ (d) $NO_2$
81. প্যাস্কাল হল:
(a) কম্পাঙ্কের একক (b) চাপের একক (c) দীপ্তি প্রবাহের একক (d) বিদ্যুতের পরিমাণ নির্ণয়ের একক
82. গ্লিসারল-এর স্ফুটনাঙ্ক হল:
(a) 290° C (b) 253° C (c) 357° C (d) 180° C
83. পারদের সংকেত হল:
(a) Cu (b) Ar (c) Ag (d) Hg
84. ফিটকিরি হল:
(a) সোদক পটাশিয়াম (b) অ্যালুমিনিয়াম সালফেট (c) ক্যালসিয়াম অক্সাইড (d) জিঙ্ক অক্সাইড
85. সোডিয়াম বাই-কার্বনেটের সাধারণ নাম:
(a) কস্টিক সোডা (b) কস্টিক পটাশ (c) বেকিং পাউডার (d) ক্যালোমেল
86. পারদের গলনাঙ্ক হল:
(a) 39° C (b) 40° C (c) 41° C (d) 45° C
87. WHO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) প্যারিস (b) নিউইয়র্ক সিটি (c) জেনেভা (d) ওয়াশিংটন D C
88. স্কার্ভি রোগ হয়, যে ভিটামিনের অভাবে:
(a) ভিটামিন C (b) ভিটামিন D (c) ভিটামিন A (d) ভিটামিন P
89. করোনার ভ্যাকসিন কোভিশিল্ড আবিষ্কার করে:
(a) জার্মানি (b) ভারত (c) ব্রিটিশ যুক্তরাজ্য (d) চিন
90. হেপাটাইটিস B রোগটি:
(a) জলবাহিত (b) বায়ুবাহিত (c) রক্তবাহিত (d) ব্যাক্টেরিয়া ঘটিত
91. COPD-এর পুরো নাম হল:
(a) Chronic Obstructive Pulmonary Disease (b) Chronic Obligative Rulmonary Diseas (c) Chronic Obstructive Pulmonary Day (d) Continious Obstructive Pulmonary Disease
92. সবুজ উদ্ভিদেরা সালোকসংশ্লেষের জন্য মাটি থেকে যে উপাদানটি সংগ্রহ করে:
(a) জল (b) ফসফেট (c) ইউরিয়া (d) নাইট্রেট
93. ইন্ডিয়ান ওয়াইল্ড ওরেঞ্জ 'Citrus Indica' গাছটি ভারতবর্ষে কোথায় পাওয়া যায়?
(a) তুরা জেলা (মেঘালয়) (b) পুরুলিয়া (পশ্চিমবঙ্গ) (c) রাঁচি জেলা (ঝাড়খণ্ড) (d) কচ্ছ জেলা (গুজরাট)
94. কোন দেশে ধানের ক্ষেতে অ্যাজোলা (Azolla) প্রচুর পরিমাণে সার হিসেবে ব্যবহৃত হয়?
(a) ভিয়েতনাম (b) ভারতবর্ষ (c) বাংলাদেশ (d) মায়ানমার
95. নীচের কোনটি জৈবমণ্ডলটি মেঘালয় রাজ্যে অবস্থিত?
(a) নীলগিরি (b) নকরেক (c) নন্দাদেবী (d) দচিগ্রাম
96. ভারত সরকার 1986 সালে নীচের কোন আইনটি প্রনয়ণ করেন?
(a) জীববৈচিত্র্য আইন (b) বন সংরক্ষণ আইন (c) কীটনাশক আইন (d) পরিবেশ সুরক্ষা আইন
97. রেটিনা ও অপটিক নার্ভের সংযোগস্থলকে বলে:
(a) ইয়োলো স্পট (b) ব্লাইন্ড স্পট (c) স্ক্লেরা (d) আইরিশ
98. নীচের কোনটি 13 প্রকোষ্ঠ বিশিষ্ট হৃৎপিণ্ডের প্রাণী?
(a) কুমির (b) পাখি (c) মাছ (d) আরশোলা
99. নীচের কোনটি ব্যাক্টেরিয়াঘটিত রোগ?
(a) মাম্পস (b) জলবসন্ত (c) টাইফয়েড (d) ইনফ্লুয়েঞ্জা
100. নীচের কোনটি প্রটোজোয়াঘটিত রোগ?
(a) গনোরিয়া (b) ফোঁড়া (c) কালাজ্বর (d) মেনিন জাইটিস
101. নাগরিকত্ব-এর ধারণা ভারতীয় সংবিধানে কোথা থেকে এসেছে?
(a) চিন (b) গ্রিস (c) কানাডা (d) গ্রেট ব্রিটেন
102. সংবিধানসভার দাবি প্রথম কে জানান?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) সুচেতা কৃপালিনী (d) বি আর আম্বেদকর
103. ভারতের প্রথম মন্ত্রিসভার স্বাস্থ্যমন্ত্রী ছিলেন:
(a) জন মাথাই (b) অমৃতা কাউর (c) আবুল কালাম আজাদ (d) জগজীবন রাম
104. ভারতীয় সংবিধানে শিক্ষা বিষয়টি:
(a) কেন্দ্র (b) রাজ্য (c) যুগ্ম তালিকা (d) কোনওটিই নয়
105. ভারতে মন্ত্রিসভার কার্যকলাপ কার উপর নির্ভর করে?
(a) রাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্ট (c) অ্যাটর্নি জেনারেল (d) আইনসভা
106. নীচের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের স্বতন্ত্র সংবিধান ছিল?
(a) পাঞ্জাব (b) হরিয়ানা (c) আসাম (d) জম্মু ও কাশ্মীর
107. 'সৌভাতৃত্ববোধ' হল:
(a) মৌলিক অধিকার (b) মৌলিক কর্তব্য (c) নির্দেশমূলক নীতি (d) কোনওটিই নয়
108. স্বাধীনতার অধিকারের উপর বিধিনিষেধ আরোপ করতে পারে:
(a) পার্লামেন্ট (b) বিচার ব্যবস্থা (c) আইন সভা (d) প্রধানমন্ত্রী
109. কর্মের অধিকার একটি:
(a) সামাজিক অধিকার (b) অর্থনৈতিক অধিকার (c) রাজনৈতিক অধিকার (d) সাংস্কৃতিক অধিকার
110. কোন বছর মৌলিক অধিকারকে সম্পত্তির অধিকার থেকে বাদ দেওয়া হয়েছে?
(a) 1947 সালে (b) 1976 সালে (c) 1978 সালে (d) 1980 সালে
111. রাজ্য নির্বাচন কমিশনারকে কে নিযুক্ত করেন?
(a) প্রধানমন্ত্রী (b) রাজ্যপাল (c) রাষ্ট্রপতি (d) মুখ্যমন্ত্রী
112. মুখ্য নির্বাচন কমিশনের কার্যকালের মেয়াদ:
(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) 10 বছর
113. ভারতের নির্বাচন কমিশন:
(a) এক সদস্যবিশিষ্ট (b) দুই সদস্যবিশিষ্ট (c) তিন সদস্যবিশিষ্ট (d) চার সদস্যবিশিষ্ট
114. সংবিধানের কত নম্বর ধারায় ভোটাধিকার দেওয়া হয়েছে?
(a) 326 (b) 327 (c) 328 (d) 329
115. সার্বিক প্রাপ্তবয়স্ক ভোটাধিকার চালু হয়:
(a) 1989 সালে (b) 1979 সালে (c) 1977 সালে (d) 1997 সালে
116. 'International Relations' বইটির লেখক কে?
(a) জোসেফ ফ্রাঙ্কেল (b) মরগেনথাউ (c) মাভলেঙ্কর (d) জওহরলাল নেহরু
117. যৌথভাবে পঞ্চশীল নীতি প্রণয়ন করে:
(a) ভারত-রাশিয়া (b) ভারত-চিন (c) ভারত-কায়রো (d) ভারত-ইংল্যান্ড
118. আন্তর্জাতিক বিচারালয়ের বিচারপতির সংখ্যা কত?
(a) 15 জন (b) 16 জন (c) 17 জন (d) 18 জন
119. জাতিপুঞ্জের সনদে মূল ধারার সংখ্যা কত?
(a) 100টি (b) 101টি (c) 110টি (d) 111টি
120. সম্মিলিত জাতিপুঞ্জের সংবিধানকে কী বলে?
(a) ক্রোড়পত্র (b) সনদ (c) মানপত্র (d) ঘোষণাপত্র
121. 2025 সালের মানব উন্নয়ন সূচক অনুযায়ী ভারত এখন কত নম্বর স্থানে আছে?
(a) 130 (b) 131 (c) 133 (d) 134
122. বিশ্ব GDP-তে ভারতের অবদান প্রায়:
(a) 3.68% (b) 3.75% (c) 3.80% (d) 3.90%
123. সেনসেক্স কী?
(a) স্টক এক্সচেঞ্জের অধীনে তালিকাভুক্ত 30টি কোম্পানির সবচেয়ে জনপ্রিয় বাজার সূচক (b) স্টক এক্সচেঞ্জের অধীনে তালিকাভুক্ত 31টি কোম্পানির সবচেয়ে জনপ্রিয় বাজার সূচক (c) স্টক এক্সচেঞ্জের অধীনে তালিকাভুক্ত 32টি কোম্পানির সবচেয়ে জনপ্রিয় বাজার সূচক (d) স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত 33টি কোম্পানির সবচেয়ে জনপ্রিয় বাজারসূচক
124. মনোপলি বাজার বলতে কী বোঝায়?
(a) বিক্রেতা একজন ক্রেতা একাধিক (b) ক্রেতা একজন, বিক্রেতা অনেকজন (c) ক্রেতা ও বিক্রেতা উভয়ই একজন (d) ক্রেতা ও বিক্রেতা উভয়ই অনেকজন
125. শেয়ার বাজারে 'SIP' এর পুরো নাম কী?
(a) Systematic Investment Programme (b) Systematic Investment Plan (c) Super Investment Programme (d) Super Investment Plan
126. বুড়ি বালামের তীরে এই কথাটি কোন স্বাধীনতা সংগ্রামীর সঙ্গে যুক্ত?
(a) বিনয়-বাদল-দীনেশ (b) বাঘাযতীন (c) ক্ষুদিরাম বসু (d) সূর্য সেন
127. রবীন্দ্রনাথ সম্পাদিত তত্ত্ববোধিনী পত্রিকায় ভারতের জাতীয় সংগীতটি কী নামে প্রকাশিত হয়েছিল?
(a) 'জনগন মন অধিনায়ক জয় হে' (b) ভারত ভাগ্য বিধাতা (c) ভারত বিধাতা (d) ভারত মাতা
128. 'New India' পত্রিকার সম্পাদক হলেন:
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) বিপিনচন্দ্র পাল (c) কৃষ্ণকুমার মিত্র (d) অরবিন্দ ঘোষ

**উত্তর**

1(b), 2(a), 3(c), 4(c), 5(c), 6(d), 7(c), 8(a), 9(d), 10(c), 11(b), 12(a), 13(a), 14(b), 15(b), 16(d), 17(a), 18(b), 19(b), 20(b), 21(a), 22(b), 23(a), 24(c), 25(b), 26(a), 27(b), 28(b), 29(a), 30(b), 31(a), 32(d), 33(c), 34(c), 35(d), 36(b), 37(b), 38(b), 39(d), 40(a), 41(a), 42(a), 43(b), 44(b), 45(b), 46(c), 47(d), 48(a), 49(b), 50(c), 51(a), 52(c), 53(b), 54(d), 55(a), 56(d), 57(c), 58(d), 59(a), 60(b), 61(b), 62(d), 63(d), 64(b), 65(a), 66(c), 67(b), 68(b), 69(b), 70(a), 71(b), 72(c), 73(d), 74(b), 75(c), 76(c), 77(a), 78(a), 79(c), 80(a), 81(b), 82(a), 83(d), 84(b), 85(c), 86(a), 87(c), 88(a), 89(c), 90(c), 91(a), 92(a), 93(a), 94(a), 95(c), 96(d), 97(b), 98(d), 99(c), 100(c), 101(b), 102(b), 103(b), 104(c), 105(d), 106(d), 107(b), 108(a), 109(b), 110(c), 111(b), 112(c), 113(c), 114(a), 115(a), 116(a), 117(b), 118(a), 119(d), 120(b), 121(a), 122(c), 123(a), 124(a), 125(b), 126(b), 127(c), 128(b).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সুস্থির বেরা*

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### এ এন এম, জি এন এম-এর প্রবেশিকার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

34. মানুষের স্বাভাবিক পুরুষ কোষে সেক্স ক্রোমোজোমের বিন্যাস কেমন থাকে?
(a) XX (b) XO (c) XY (d) YY
35. রক্তাল্পতা রোগ হয় কোন খনিজের অভাবে?
(a) ক্যালসিয়াম (b) আয়োডিন (c) লোহা (d) পটাশিয়াম
36. 'সর্বজনীন দাতা' কোন বিভাগের রক্তকে বলা হয়?
(a) A গ্রুপ (b) B গ্রুপ (c) AB গ্রুপ (d) O গ্রুপ
37. মানুষের দীর্ঘতম হাড় কোনটি?
(a) হিউমেরাস (b) ফিমার (c) টিবিয়া (d) ফিবুলা
38. অনুচক্রিকার প্রধান কাজ কী?
(a) অক্সিজেন পরিবহন (b) কার্বন ডাই অক্সাইড পরিবহন (c) রক্ত তঞ্চন (d) রোগ প্রতিরোধ
39. ক্যালসিফেরল কোন ভিটামিনের রাসায়নিক নাম?
(a) ভিটামিন A (b) ভিটামিন C (c) ভিটামিন D (d) ভিটামিন E
40. স্কার্ভি রোগ প্রতিরোধ করে কোন ভিটামিন?
(a) ভিটামিন D (b) ভিটামিন K (c) ভিটামিন A (d) ভিটামিন C
41. নিউটনের কোন গতিসূত্র থেকে 'বলের সংজ্ঞা' পাওয়া যায়?
(a) প্রথম গতিসূত্র (b) দ্বিতীয় গতিসূত্র (c) তৃতীয় গতিসূত্র (d) মহাকর্ষ সূত্র
42. কোনও বস্তুর বেগ দ্বিগুণ করলে তার গতিশক্তি কত গুণ হবে?
(a) দ্বিগুণ (b) তিনগুণ (c) চারগুণ (d) অর্ধেক
43. সুস্থ চোখের স্পষ্ট দর্শনের ন্যূনতম দূরত্ব কত?
(a) 10 সেমি (b) 25 সেমি (c) 50 সেমি (d) 100 সেমি
44. শব্দের প্রতিধ্বনি শোনার জন্য প্রতিফলক ও উৎসের মধ্যে ন্যূনতম দূরত্ব কত হওয়া প্রয়োজন?
(a) 16.6 মিটার (b) 10.6 মিটার (c) 20.6 মিটার (d) 33.2 মিটার
45. ফিউজ তার মূল বর্তনীর সঙ্গে কোন সমবায়ে যুক্ত থাকে?
(a) সমান্তরাল সমবায় (b) শ্রেণী সমবায় (c) মিশ্র সমবায় (d) কোনওটিই নয়
46. নীচের কোনটির ইলেক্ট্রন বিন্যাস হিলিয়াম পরমাণুর মতো?
(a) $Na^+$ (b) Mg (c) $Li^+$ (d) Cl
47. হ্যালোজেন মৌলগুলির মধ্যে সব থেকে শক্তিশালী জারক দ্রব্য কোনটি?
(a) ফ্লোরিন (F) (b) ক্লোরিন (Cl) (c) ব্রোমিন (Br) (d) আয়োডিন (I)
48. ওহমের সূত্র মেনে চলে না এমন একটি পরিবাহীর উদাহরণ দাও:
(a) তামার তার (b) অ্যালুমিনিয়াম (c) সিলিকন (d) রুপো
49. বিশুদ্ধ জলের তুলনায় অ্যাসিড মিশ্রিত জলের তড়িৎ পরিবাহিতা কেমন হয়?
(a) বেশি হয় (b) কম হয় (c) সমান থাকে (d) শূন্য হয়
50. একটি অবতল দর্পণের মেরু এবং ফোকাসের মধ্যে বস্তু রাখলে প্রতিবিম্বটি কেমন হবে?
(a) সদ ও অবশীর্ষ (b) অসদ ও সমশীর্ষ (c) সদ ও সমশীর্ষ (d) অসদ ও অবশীর্ষ
51. তেজস্ক্রিয় মৌল থেকে নির্গত কোন কণাটি আসলে ইলেক্ট্রনের স্রোত?
(a) আলফা কণা (b) বিটা কণা (c) গামা রশ্মি (d) নিউট্রন
52. ক্ষমতার এসআই (SI) একক নীচের কোনটি?
(a) জুল (b) ওয়াট (c) নিউটন (d) প্যাসকল
53. পরমাণুর নিউক্লিয়াসে কোন কোন কণা বর্তমান থাকে?
(a) ইলেক্ট্রন ও প্রোটন (b) প্রোটন ও নিউট্রন (c) ইলেক্ট্রন ও নিউট্রন (d) শুধু প্রোটন

*এরপর এগারোর পাতায়*

# ন্যাভাল সায়েন্স অ্যান্ড টেকনোলজিক্যাল ল্যাবরেটরিতে অ্যাপ্রেন্টিস

৪২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ন্যাভাল সায়েন্স অ্যান্ড টেকনোলজিক্যাল ল্যাবরেটরি। প্রশিক্ষণের মেয়াদ এক বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NSTL/APPRENTICESHIP/01/2026.

**আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** ১০টি। প্রশিক্ষণ দেওয়া হবে এই সব শাখায়: মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** ১০টি। প্রশিক্ষণ দেওয়া হবে এই সব শাখায়: কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ডিসিসিপি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**টেকনিক্যাল ভোকেশনাল অ্যাপ্রেন্টিস:** ২২টি। প্রশিক্ষণ দেওয়া হবে এই সব শাখায়: ফটোগ্রাফার/ডিজিটাল ফটোগ্রাফার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স, ফিটার, ডিজেল/মোটর মেকানিক, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে আইটিআই কোর্স পাশ।

**বয়স:** ১৭-৫-২০২৬ তারিখে অন্তত ১৮ বছরের হতে হবে।

নিয়মানুসারে তফসিলি এবং ওবিসিদের জন্য আসন সংরক্ষিত হবে।

মনে রাখবেন, ২০২৩-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে, এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে নির্দিষ্ট সরকারি পোর্টালে। বি ই, বি টেক ও ডিপ্লোমা পাশ প্রার্থীরা নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে: www.nats.education.gov.in এবং আইটিআই পাশ প্রার্থীরা নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে: www.apprenticeshipindia.gov.in

এরপর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে (অ্যানেক্সচার-এ)। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.indiascienceandtechnology.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৭ মে-র মধ্যে ই-মেল করতে হবে এই আইডি-তে: admin2.dept.nstl@gov.in

আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in

## ব্যাঙ্ক অব বরোদায় দক্ষ খেলোয়াড়

৩০ জন দক্ষ খেলোয়াড় নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে ক্ল্যারিকাল ক্যাডারে, কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট পদে। প্রবেশন ৬ মাসের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/09.

**মোট শূন্যপদ:** ৩০টি (পুরুষ ২৪টি, মহিলা ৬টি)। ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিবরণ: **ক্রিকেট:** ৯টি, **কবাডি:** ১১টি, **টেবল টেনিস:** ২টি, **ফুটবল:** ৮টি।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত স্নাতক। **খেলাধুলার যোগ্যতা:** ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল ফেডারেশন আয়োজিত প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া বা খেলো ইন্ডিয়া আয়োজিত প্রতিযোগিতা বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে পদক পেয়ে থাকতে হবে। অথবা জাতীয় বা আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in দরখাস্তের শেষ তারিখ ১২ মে। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, সংক্ষিপ্ত জীবনপঞ্জি-সহ প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্ত এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এখনও আবেদন করা যাচ্ছে

## রাজ্য সরকারের মিসলেনিয়াস সার্ভিসেসে চাকরি

### শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ সরকারের মিসলেনিয়াস সার্ভিসেসে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে পাবলিক সার্ভিস কমিশন। এ বিষয়ে 'কর্মক্ষেত্র'-র গত সংখ্যায় বিশদ খবর প্রকাশিত হয়েছে। ইতিমধ্যেই আবেদনের প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। স্নাতক ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। কমিশনের তরফে জানানো হয়েছে, আবেদন করা যাবে ২০ মে পর্যন্ত। কমিশন জানিয়েছে, শূন্যপদ পরে জানিয়ে দেওয়া হবে।

১-১-২০২৪ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। প্রার্থীকে বাংলা বা নেপালি লিখতে, পড়তে ও বলতে জানতে হবে।

নিয়োগ করা হবে এই সব পদে: (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার/ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, (৩) ব্লক ইউথ অফিসার/মিউনিসিপ্যাল ইউথ অফিসার/বরো ইউথ অফিসার, (৪) ব্লক ওয়েলফেয়ার অফিসার/ওয়েলফেয়ার অফিসার, (৫) ইনস্পেক্টর, ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার, (৬) অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার (অ্যাডমিনিস্ট্রেটিভ) (৭) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৮) কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (৯) ইনস্পেক্টর অব এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স, (১০) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১১) সেভিংস ডেভেলপমেন্ট অফিসার, (১২) ওয়েস্ট বেঙ্গল সাবঅর্ডিনেট লেবার সার্ভিসের বিবিধ পদ, (১৩) অডিটর অব কো-অপারেটিভ সোসাইটিজ, (১৪) অ্যাসিস্ট্যান্ট অডিটর, বোর্ড অব রেভেনিউ, (১৫) এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৬) লেডি এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৭) অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (১৮) ইনভেস্টিগেটিং ইনস্পেক্টর এবং (১৯) রেভেনিউ ইনস্পেক্টর।

পদ অনুসারে বেতনক্রম: ৩২,১০০-৮২,৯০০ টাকা এবং ২৮,৯০০-৭৪,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://psc.wb.gov.in পরীক্ষার ফি ১৬০ টাকা। অনলাইনে ফি দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। একটিই আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে অবজেক্টিভ টাইপ প্রিলিমিনারি পরীক্ষা, কনভেনশনাল লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা আয়োজিত হবে রাজ্য জুড়ে বিভিন্ন কেন্দ্রে।

আরও তথ্যের জন্য চোখ রাখুন এই ওয়েবসাইটে: https://psc.wb.gov.in




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in